বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

সিটি কর্পোরেশনসমূহের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর ঃ ৩০/২০২১

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ এর নিয়ন্ত্রণাধীন ০৮টি সিটি কর্পোরেশন এর ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর ঃ ৩০/২০২১

সূচীপত্র

প্রথম অংশ

ক্রমিক নম্বর	বিবরণ	পৃষ্ঠা নং
১.	মুখবন্ধ	vii
	অধ্যায়-১	
২.	অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী	৩-৯
৩.	নির্বাহী সারসংক্ষেপ	১১
৪.	শব্দ সংক্ষেপ	১৩
	অধ্যায়-২	
৫.	অডিট অনুচ্ছেদসমূহের সার সংক্ষেপ	১৭-১৮
৬.	অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ	১৯-৫৭

প্রথম অংশ

মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী সকল Statutory Public Authority, Local Authority ও Public Enterprise এর হিসাব অডিট করার জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ক্ষমতাপ্রাপ্ত।

২। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ এর নিয়ন্ত্রণাধীন ০৮টি সিটি কর্পোরেশন এর ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রির্পোটের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ৩৭টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত সংস্থা/প্রতিষ্ঠান/প্রকল্প প্রধান বরাবর ইস্যু করা হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট বিভাগ এর সচিবকেও অবহিত করা হয়েছে এবং তাঁদের জবাব প্রাপ্তি সাপেক্ষে বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ১৪/৭/২০২২ বঙ্গাব্দ / খ্রিষ্টাব্দ

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

অধ্যায়-১

অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

রিপোর্ট সম্পর্কিত তথ্য ঃ এই রিপোর্ট স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ এর নিয়ন্ত্রণাধীন ০৮টি সিটি কর্পোরেশন (ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, গাজীপুর, রংপুর, চট্টগ্রাম, সিলেট, কুমিল্লা ও খুলনা) এর ২০১৫-২০১৭ অর্থ বছরের আয়-ব্যয় হিসাব/ফান্ড/ইস্যু এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের পূর্ববর্তী অর্থবছরসমূহের লেনদেনও দেখা হয়েছে (প্রযোজ্য ক্ষেত্রে)। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসাবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ঃ

প্রতিষ্ঠান পরিচিতি ঃ

সিটি কর্পোরেশন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। এটি "স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন-২০০৯" এর বিধান অনুযায়ী পরিচালিত হচ্ছে। এই আইনের অধীন প্রতিষ্ঠিত সিটি কর্পোরেশনসমূহ যথাক্রমে ঢাকা সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, রাজশাহী সিটি কর্পোরেশন, খুলনা সিটি কর্পোরেশন, বরিশাল সিটি কর্পোরেশন, সিলেট সিটি কর্পোরেশন, সিটি কর্পোরেশন হিসেবে গণ্য হয়। উল্লেখ্য যে, নভেম্বর/২০১১ খ্রিঃ তারিখে ঢাকা সিটি কর্পোরেশন ভেঙ্গে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নামে দুইটি সিটি কর্পোরেশন সৃষ্টি হয়। পরবর্তীতে এ আইনের অধীনে আসে নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন, রংপুর সিটি কর্পোরেশন, কুমিল্লা সিটি কর্পোরেশন ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন। কর্পোরেশনের দৈনন্দিন এবং অন্যান্য সেবামূলক কার্য পরিচালনা নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক সিটি কর্পোরেশনের নির্ধারিত সংখ্যক ওয়ার্ডে বিভক্ত করা হয়েছে।

প্রত্যেক সিটি কর্পোরেশন নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত ঃ

(ক) মেয়র;

(খ) সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত সংখ্যক কাউন্সিলর এবং

(গ) মহিলাদের জন্য সংরক্ষিত নির্ধারিত সংখ্যক কাউন্সিলর।

এছাড়া মেয়রকে সহায়তা করার জন্য প্রত্যেক সিটি কর্পোরেশনে সরকার কর্তৃক নিযুক্ত একজন প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োজিত আছেন। প্রতিটি সিটি কর্পোরেশন সরকারের অনুমোদনক্রমে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী ও পরামর্শক নিয়োগ করেন।

নিম্নলিখিত বিষয়সমূহ সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত ঃ

(ক) পৌর এলাকার জনসংখ্যা;

(খ) জনসংখ্যার ঘনত্ব;

(গ) স্থানীয় আয়ের উৎস;

(ঘ) এলাকার অর্থনৈতিক গুরুত্ব;

(ঙ) অবকাঠামোগত সুবিধাদি ও সম্প্রসারণের সুযোগ;

(চ) সিটি এলাকার বার্ষিক আয় এবং জনমত;

প্রতিটি সিটি কর্পোরেশনের নামে একটি তহবিল রয়েছে। উক্ত তহবিলে নিম্নলিখিত অর্থ জমা হয় ঃ

(ক) কর্পোরেশন কর্তৃক ধার্যকৃত কর, রেইট, টোল, ফিস এবং অন্যান্য দাবী বাবদ প্রাপ্ত অর্থ;
(খ) কর্পোরেশনের উপর ন্যস্ত এবং তৎকর্তৃক পরিচালিত সকল সম্পত্তি হতে প্রাপ্ত আয় বা মুনাফা;
(গ) সরকার বা অন্যান্য কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অনুদান;
(ঘ) স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি বিশেষ কর্তৃক প্রদত্ত দান;
(ঙ) কর্পোরেশনের উপর ন্যস্ত সকল ট্রাস্ট হতে প্রাপ্ত আয়;
(চ) কর্পোরেশনের অর্থ বিনিয়োগ হতে প্রাপ্ত মুনাফা;
(ছ) অন্যান্য উৎস হতে প্রাপ্ত অর্থ;
(জ) এ আইনের অধীন প্রাপ্ত অর্থদন্ডের অর্থ।

প্রতিটি সিটি কর্পোরেশন প্রতি অর্থ বছরে ১লা জুনের পূর্বে উহার পরবর্তী আসন্ন অর্থ বছরের রাজস্ব ও উন্নয়নমূলক কাজের জন্য একটি বাজেট তৈরী করে এর একটি প্রতিলিপি সরকারের নিকট প্রেরণ করে থাকে।

প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম ঃ

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ
১.	মেয়র/প্রশাসক	১
২.	মেয়রের একান্ত সচিব	১
৩.	প্রধান নির্বাহী কর্মকর্তা	১
৪.	প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার	১
৫.	সচিব (সচিব এর দপ্তর)	১
৬.	সহকারী সচিব (সাধারণ শাখা)	১
৭.	সহকারী সচিব (সংস্থাপন শাখা-১)	১
৮.	সহকারী সচিব (সংস্থাপন শাখা-২)	১
৯.	সিস্টেম এনালিস্ট	১
১০.	প্রোগ্রামার	১
১১.	সহকারী প্রোগ্রামার	১
১২.	প্রটোকল কর্মকর্তা	১
১৩.	আইন কর্মকর্তা (আইন শাখা)	১
১৪.	সহকারী আইন কর্মকর্তা	১
১৫.	বিচারিক ম্যাজিস্ট্রেট	১
১৬.	নির্বাহী ম্যাজিস্ট্রেট	২
১৭.	প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা	১
১৮.	বস্তি উন্নয়ন কর্মকর্তা	১
১৯.	সমাজ কল্যাণ কর্মকর্তা	১
২০.	প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা	১
২১.	ভান্ডার ও ক্রয় কর্মকর্তা	১
২২.	নিরীক্ষা কর্মকর্তা	১
২৩.	মহা-ব্যবস্থাপক (কেন্দ্রীয় পরিবহনপুল)	১

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ
২৪.	ব্যবস্থাপক	১
২৫.	সহকারী ব্যবস্থাপক	২
২৬.	প্রধান সম্পত্তি কর্মকর্তা	১
২৭.	প্রধান রাজস্ব কর্মকর্তা	১
২৮.	উপ-কর কর্মকর্তা	১
২৯.	উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা	২
৩০.	রাজস্ব কর্মকর্তা	১
৩১.	জনসংযোগ কর্মকর্তা	১
৩২.	তথ্য কর্মকর্তা	১
৩৩.	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (হিসাব বিভাগ)	১
৩৪.	উপ-প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা	১
৩৫.	হিসাব রক্ষণ কর্মকর্তা (বাজেট)	১
৩৬.	হিসাব রক্ষণ কর্মকর্তা (বিল)	১
৩৭.	হিসাব রক্ষণ কর্মকর্তা (বেতন)	১
৩৮.	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা	১
৩৯.	উপ-প্রধান স্বাস্থ্য কর্মকর্তা	১
৪০.	স্বাস্থ্য কর্মকর্তা	১
৪১.	জনস্বাস্থ্য এনালিস্ট	১
৪২.	উর্ধ্বতন কীট নিয়ন্ত্রণ কর্মকর্তা	১
৪৩.	জনস্বাস্থ্য কর্মকর্তা	১
৪৪.	প্রধান প্রকৌশলী (প্রকৌশল বিভাগ)	১
৪৫.	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	১
৪৬.	সহকারী প্রকৌশলী (পুরকৌশল)	১
৪৭.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুরকৌশল)	৬
৪৮.	নির্বাহী প্রকৌশলী	৭
৪৯.	সহকারী প্রকৌশলী	১২
৫০.	প্রধান নগর পরিকল্পনাবিদ	১
৫১.	নগর পরিকল্পনাবিদ	১
৫২.	স্থাপতি	১
৫৩.	ভূগোলবিদ	১
৫৪.	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা	১
৫৫.	অতিরিক্ত বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা	১
৫৬.	উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা	১
৫৭.	কর কর্মকর্তা	২

প্রতিষ্ঠানের কার্যাবলী ঃ

- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী রাজস্ব ও উন্নয়ন মূলক বিভিন্ন ব্যয় নির্বাহের মাধ্যমে সিটি এলাকার বসবাসরত জনগণের সেবা প্রদান করা।
- বিভিন্ন রাজস্ব আদায়ের মাধ্যমে রাস্তা ঘাটের উন্নয়ন ও মেরামত,পয়ঃ নিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক বাতির ব্যবস্থা করণ।
- বিশুদ্ধ পানি সরবরাহ, স্বাস্থ্য সেবার উন্নয়ন, টিকাদান কর্মসূচী (ইপিআই)।
- শিক্ষার প্রেরণা প্রদান, বিভিন্ন জাতীয় অনুষ্ঠান পালনে ব্যবস্থা গ্রহণ,বয়স্ক শিক্ষা পরিচালনা।
- গরীব দুঃখীদের আর্থিক সুবিধা প্রদানের মাধ্যমে শিক্ষা , চিকিৎসা , বাসস্থান এর ব্যবস্থা গ্রহণ।
- হাট/বাজার উন্নয়ন, কবরস্থান,শ্মশানঘাট,ঈদগাহ্, মসজিদ, মন্দির, গির্জাসহ বিভিন্ন উপাসনালয়ের নির্মাণ পুনঃ নির্মাণ মেরামত ও সংরক্ষণ।
- জনগণের বিনোদনের পার্ক, খেলার মাঠ, চিত্ত বিনোদন কেন্দ্র,কমিউনিটি সেন্টার নির্মান।
- জনসংখ্যার আধিক্য বিবেচনায় হাট বাজার উন্নয়ন ও সম্প্রসারণ সহ নানাবিধ কর্মসূচী বাস্তবায়ন করা।

প্রতিষ্ঠানের Key Performance Indicator ঃ সিটি কর্পোরেশনসমূহের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators) নিম্নরূপ ঃ

- সড়ক উন্নয়ন/রক্ষণাবেক্ষণ কভারেজ;
- ড্রেনেজ উন্নয়ন/রক্ষণাবেক্ষণ কভারেজ;
- ফুটপাত উন্নয়ন/রক্ষণাবেক্ষণ কভারেজ;
- পার্ক ও খেলার মাঠ উন্নয়ন কভারেজ;
- ওয়াডভিত্তিক সামাজিক আচার অনুষ্ঠান কেন্দ্র (কভারেজ);
- গৃহস্থালীর জৈব ও অজৈব বর্জ্য সংগ্রহ ও অপসারণ (কভারেজ);
- সড়ক ও ড্রেন পরিস্কার (কভারেজ);

২০১৫-২০১৬ অর্থ বৎসরে আয় ও ব্যয় (রাজস্ব খাত) ঃ

ক্রঃ নং	সিটি কর্পোরেশনের নাম	রাজস্ব আয়	রাজস্ব ব্যয়
১	২	৪	৫
১.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা	৪২৬,৯৩,০০,০০০/-	৩২৪,৬০,০০,০০০/-
২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা	৫২৯,২২,৮৪,৪৮১/-	২১৭,৪৭,৫৩,৮৭২/-
৩.	গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর	১২৯,৪৩,০৩,০০০/-	৪৫,০৫,০০,০০০/-
৪.	চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম	৬২১,৬৮,০০,০০০/-	৪৩৬,৩৯,০০,০০০/-
৫.	সিলেট সিটি কর্পোরেশন, সিলেট	৬১,০৮,০০,০০০/-	৩০,৬৪,০০,০০০/-
৬.	খুলনা সিটি কর্পোরেশন, খুলনা	৫৩,৯৩,০৪,০০০/-	৪৯,০৭,৬০,০০০/-
৭.	রংপুর সিটি কর্পোরেশন, রংপুর	৬০,১০,০০,০০০/-	৫৫,০৮,০০,০০০/-
৮.	কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা	৩৫,৫৬,২৩,৬৯৫/-	৩০,১৪,৪০,৩৬৯/-
	সর্বমোট	১৮৮২,৩৭,৯১,৪৮১/-	১১৮৮,৪৫,৫৪,২৪১/-

২০১৫-২০১৬ অর্থ বৎসরে আয় ও ব্যয় (উন্নয়ন খাত) ঃ

ক্রঃ নং	সিটি কর্পোরেশনের নাম	উন্নয়ন খাতে আয়	উন্নয়ন খাতে ব্যয়
১	২	৪	৫
১.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা	১৬৫৮,৪৩,০০,০০০/-	৭২৯,৮৯,০০,০০০/-
২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা	৩৫৫,৯২,০০,০০০/-	২৪৯,৮৮,৩৬,১১৩/-
৩.	গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর	১০৩,৮১,০০,০০০/-	৭৪,৭৭,০০,০০০/-
৪.	চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম	১০১১,১০,০০,০০০/-	৭৮৫,১০,০০,০০০/-
৫.	সিলেট সিটি কর্পোরেশন, সিলেট	১০০,৭১,০০,০০০/-	১১৮,৭১,০০,০০০/-
৬.	খুলনা সিটি কর্পোরেশন, খুলনা	৭৬,২৮,৫৭,০০০/-	৬৫,০৩,২২,০০০/-
৭.	রংপুর সিটি কর্পোরেশন, রংপুর	৯০,২০,১০,০০০/-	৯০,২০,১০,০০০/-
৮.	কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা	১২,০০,০০,০০০/-	১২,০০,০০,০০০/-
	সর্বমোট	৩৩৯৬,৪৫,৬৭,০০০/-	২১২৫,৫৮,৬৮,১১৩/-

২০১৬-২০১৭ অর্থ বৎসরে আয় ও ব্যয় (রাজস্ব খাত) ঃ

ক্রঃ নং	সিটি কর্পোরেশনের নাম	রাজস্ব আয়	রাজস্ব ব্যয়
১	২	৪	৫
১.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা	৪৫৩,১০,২২,৯৪১/-	৪০৯,৮৫,৮২,৬২৩/-
২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা	৫৫৯,০১,৯২,৬৯৫/-	২৮৫,০২,৮০,৮০৫/-
৩.	গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর	১১৮,০৪,২৩,৫৮২/-	১১৭,৩৩,৮৪,৯১১/-
৪.	চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম	২৯৬,০২,৯২,৯২৭/-	৩০৬,৬৮,০৫,৮৪০/-
৫.	সিলেট সিটি কর্পোরেশন, সিলেট	৪৩,৪০,৪০,০২৭/-	১১,৭৬,৯৬,৪৬১/-
৬.	খুলনা সিটি কর্পোরেশন, খুলনা	৬৪,১৫,০৭,০০০/-	৬৩,৬৯,৯৫,০০০/-
৭.	রংপুর সিটি কর্পোরেশন, রংপুর	৩৭,৬৬,৮৩,৮৪৫/-	৩৭,৬৬,৮৩,৮৪৫/-
৮.	কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা	৪২,৮২,২৮,২৯১/-	৩৯,৮৯,১১,০৫৪/-
	সর্বমোট	১৬,১৪,২৩,৯১,৩০৮/-	১২,৭১,৯৩,৪০,৫৩৯/-

২০১৬-২০১৭ অর্থ বৎসরে আয় ও ব্যয় (উন্নয়ন খাত) ঃ

ক্রঃ নং	সিটি কর্পোরেশনের নাম	উন্নয়ন খাতে আয়	উন্নয়ন খাতে ব্যয়
১	২	৪	৫
১.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা	৩৮,০০,০০,০০০/-	৩৮,০০,০০,০০০/-
২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা	৯৬১,১৩,৩০,২৭৪/-	৯৬১,১৩,৩০,২৭৪/-
৩.	গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর	৮০,০০,০০০/-	৮০,০০,০০০/-
৪.	চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম	১৯৩,৯৬,৫০,০০০/-	১৯৩,৯৬,৫০,০০০/-
৫.	সিলেট সিটি কর্পোরেশন, সিলেট	২০,০০,০০,০০০/-	২০,০০,০০,০০০/-
৬.	খুলনা সিটি কর্পোরেশন, খুলনা	৪৭,০০,০০,০০০/-	৬১,৭৩,৬৭,০০০/-
৭.	রংপুর সিটি কর্পোরেশন, রংপুর	১২,০০,০০,০০০/-	১২,০০,০০,০০০/-
৮.	কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা	৮,০০,০০,০০০/-	৮,০০,০০,০০০/-
	সর্বমোট	১২,৮০,৮৯,৮০,২৭৪/-	১২,৯৫,৬৩,৪৭,২৭৪/-

সর্বমোট ব্যয় (রাজস্ব ব্যয় + উন্নয়ন ব্যয়) =(৯৪৭,০১,৪৮,৬৮০ + ৩২৬,৫০,১৭,০০০) =১২৭৩,৫১,৬৫,৬৮০/- টাকা।

অডিটের আইনগত ভিত্তি ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ- ১২৮(১) এবং দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

অডিটের পরিধি ঃ (২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছর)

- সকল আয় ও ব্যয় ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাদি ISSAI এর নির্দেশনা, সরকারি ক্রয়বিধি ও প্রযোজ্য বিধি বিধান এর আলোকে মূল্যায়ন করা।
- হিসাব বিবরণীতে প্রদর্শিত টাকার অংক এবং অন্যান্য তথ্যাদি সম্পর্কিত প্রাসঙ্গিক প্রমাণ নমুনায়ন ভিত্তিক পরীক্ষণ।
- প্রতিষ্ঠানের আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার (Internal Control system) তাৎপর্যপূর্ণ যুক্তিসমুহের মূল্যায়ন। যেমনঃ- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত কাজের দায়িত্ব সঠিক ভাবে প্রতিপালন হচ্ছে কিনা তা পর্যালোচনা করা এবং তা পরিচালনার ব্যবস্থাপনার ত্রুটিবিচ্যুতি সমূহ চিহ্নিত করা।
- ভান্ডার ও মজুদের প্রাপ্তি ও বিতরণ বিষয়ক হিসাব পরীক্ষা করা।
- আর্থিক হিসাব বিবরণী প্রণয়ন ও সংরক্ষণ (আয় ও ব্যয় হিসাব) বিধি অনুযায়ী করা হয়েছে কিনা এবং ইহা সঠিক কিনা তা যাচাই করে মন্তব্য প্রদান করা।

অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য

অডিটের বিষয়বস্তু ঃ ৮টি সিটি কর্পোরেশনের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের আয় ও ব্যয়ের উপর কমপ্লায়েন্স অডিট ।

অডিট কৌশল ঃ

- এনটিটির সাংবিধানিক /আইনি ভিত্তি, লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যাবলী সর্ম্পকে ধারণা লাভ।
- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।
- গুরুত্বপূর্ণ বিষয়/ ম্যাটেরিয়েলিটি নির্ধারণ।
- ঝুঁকি নিরূপণ ও মূল্যায়ন।
- নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন।
- নিরীক্ষার সময়কাল এবং অন্যান্য বিষয়াদির উপর ভিত্তি করে সার্বিক নিরীক্ষা কৌশল নির্ধারণ।

অডিট সময়কাল ঃ

ক্রঃ নং	বিষয়	সমাপ্তির তারিখ
১।	তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ ও নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন	
২।	নিরীক্ষা পরিকল্পনা অনুমোদনের জন্য উপস্থাপন	
৩।	নিরীক্ষাকাল	১৫/০৫/২০১৭ খ্রিঃ হতে ২১/০৬/২০১৭ খ্রিঃ এবং ১৪/০১/২০১৮ খ্রিঃ হতে ৩১/০৫/২০১৮ খ্রিঃ পর্যন্ত
৪।	এ আই আর প্রণয়ন	

পূর্ববর্তী অডিট রিপোর্টের হালনাগাদ তথ্য ঃ

পূর্ববর্তী নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত অনুচ্ছেদসমূহের হালনাগাদ অবস্থা ঃ

প্রতিষ্ঠানের নাম	নিরীক্ষা বর্ষ	অনুচ্ছেদ সংখ্যা	জড়িত টাকার পরিমাণ	মীমাংসিত অনুচ্ছেদ সংখ্যা	মীমাংসিত অনুচ্ছেদে জড়িত টাকার পরিমাণ	অমীমাংসিত অনুচ্ছেদ সংখ্যা	অমীমাংসিত অনুচ্ছেদে জড়িত টাকার পরিমাণ
ঢাকা দক্ষিণ সিটি কর্পোঃ	২০১৪-১৫	৭	৬২৭৩৬৮৯২	০	০	৭	৬২৭৩৬৮৯২
ঢাকা উত্তর সিটি কর্পোঃ	২০১৩-১৪	১৭	১৬৪৪৪৫৭০৩	০	০	১৭	১৬৪৪৪৫৭০৩

নির্বাহী সারসংক্ষেপ

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন ০৮টি সিটি কর্পোরেশন এর ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থবছরের আয়-ব্যয়, ফান্ড ও বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

অডিট চলাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলতঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থি বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অডিট চলাকালে কোন অডিট অনুচ্ছেদ নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবের প্রেক্ষিতে নিষ্পন্ন করা হয়নি। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্ট অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রির্পোটে ৩৭টি অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ১৫৬,৬৯,৪৮,৪৩৩/-কথায় ঃ (একশত ছাপ্পান্ন কোটি উনসত্তর লক্ষ আটচল্লিশ হাজার চারশত তেত্রিশ) টাকা যা মোট বরাদ্দের ১২.৩০ শতাংশ। এই রিপোর্ট অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ ঃ

- রিপোর্ট রিটার্নে ভ্যাট ও আয়কর বাবদ প্রাপ্ত অর্থ সরকারি খাতে জমার বিষয়টি প্রতিফলন না করা;
- প্রত্যেকটি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের জন্য লিখিত দায়িত্ব বন্টন না থাকা;
- সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করা;
- রেকর্ডপত্র সংরক্ষণের বিষয়ে সতর্কতার অভাব;
- সরকারি অর্থ আদায় ও জমাদানের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ না করা;
- ব্যয়ের ক্ষেত্রে দক্ষতা, মিতব্যয়িতা এবং ফলপ্রসূতার অভাব;
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় শৈথিল্য প্রদর্শন;

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায় ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

শব্দ সংক্ষেপ

Abbreviation	Full Words
G F R	General Financial Rules,
PPR	Public Procurement Rule
PPA	Public Procurement Act
CPWD	Central Public Works Department Code
CPWA	Central Public Works Accounts Code
LD	Liquidated Damage

অধ্যায়-২

অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	জড়িত (টাকা)
১	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২,৩২,২৬,৭৯৪/-
২	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৭৭,৪২,২৬৬/-
৩	উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৯,১৫,৪৫,৮৭৮/-
৪	উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২,৭৫,৯৩,৩৩০/-
৫	পৌর ফিলিং স্টেশনের ভাড়া/ইজারা আদায় না হওয়ায় সিটি কর্পোরেশনের আর্থিক ক্ষতি	২,৩১,১৪,০০০/-
৬	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি	১৬,০৮,৫০,০০০/-
৭	ঠিকাদারের নিকট হতে এ্যাসফল্ট হায়ার চার্জ আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি	৩,৪৬,৬৫,৮৪৮/-
	উপমোট=	**৩৬,৮৭,৩৮,১১৬/-**
	(২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম	
৮	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৬,৩৮,৬৩,৬৫০/-
৯	উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২,৭৮,৪৪,৬৭১/-
১০	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩,২০,১৭,০৬৭/-
১১	মূলধনী যন্ত্রপাতি ভাড়া ও ঠিকাদারী বিল হতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি	১,১১,১৯,৫৩৫/-
১২	সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে অবসর গ্রহণের পর প্রাপ্যের অতিরিক্ত গ্রাচুইটি মঞ্জুরি প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি	৫,৮১,০৭,৬৭৪/-
১৩	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি।	৬৪,৮৯,৩৭০/-
	উপমোট=	**১৯,৯৪,৪১,৯৬৭/-**
	(৩) খুলনা সিটি কর্পোরেশন, খুলনা	
১৪	এ্যাসফল্টপ্লান্ট ভাড়ার বিপরীতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট আদায় এবং ভ্যাট কম আদায় করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	৩৯,২০,০২১/-
১৫	উৎসে ভ্যাট কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	২,৭৩,০৮,০০৪/-
১৬	উৎসে আয়কর কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	৪০,৬৪,১২৮/-
	উপমোট=	**৩,৫২,৯২,১৫৩/-**
	(৪) রংপুর সিটি কর্পোরেশন, রংপুর	
১৭	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩,৮০,৫০,৮৩৫/-
১৮	উৎসে কর্তনকৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১,৭১,৭১,৬৭৯/-
১৯	উৎসে ভ্যাট বাবদ অর্থ আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৪,৪০,২৬,০৮৬/-
২০	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৮৮,৮৫,৪৪৯/-
২১	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি	৫৩,৬৩,৬৫২/-
২২	ইজারা গ্রহীতার নিকট থেকে আদায়কৃত ইজারা মূল্য হতে ৫ শতাংশ অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি	৪৫,১১,৪৪৪/-
২৩	অর্থ বছর সমাপনান্তে তামাদি রোধকল্পে অবৈধভাবে প্রকল্প তহবিল থেকে স্থানান্তর	২০,০৫,০০,০০০/-
	উপমোট=	**৩১,৮৫,০৯,১৪৫/-**
	(৫) গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর	

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	জড়িত (টাকা)
২৪	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	১৮,৮৯,০৯,০১৫/-
২৫	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	১০,৪২,৬৫,৭৪৪/-
২৬	উৎসে আয়কর কর্তন/আদায় না করায় আর্থিক ক্ষতি	২,৫২,৮২,০৩৭/-
২৭	স্থায়ী ও অস্থায়ী হাট-বাজার ইজারা মূল্যের উপর ৫ শতাংশ ও ২০ শতাংশ অর্থ সেলামি স্বরূপ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় আর্থিক ক্ষতি	৫০,৬৪,৯০২/-
২৮	সাইনবোর্ডের উপর আরোপিত বিজ্ঞাপন ফি হতে ১৫ শতাংশ হারে ভ্যাট আদায় ও জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২৮,১৪,২০৭/-
	উপমোট =	**৩২,৬৩,৩৫,৯০৫/-**
	(৬) সিলেট সিটি কর্পোরেশন, সিলেট	
২৯	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১,৬০,৬৯,১৭২/-
৩০	উৎসে ভ্যাট আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১,৭৪,৪০,১৩৯/-
৩১	উৎসে আয়কর আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৭৬,৫৬,৪৫৬/-
৩২	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি	৩৫,২৮,৬৮৬/-
	উপমোট=	**৪,৪৬,৯৪,৪৫৩/-**
	(৭) কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা	
৩৩	উৎসে ভ্যাট কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩১,৮৯,২৭২/-
	উপমোট=	**৩১,৮৯,২৭২/-**
	(৮) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা	
৩৪	কোরবানির অস্থায়ী পশুরহাটের ইজারালব্ধ আয় হতে ২০ শতাংশ অর্থ "৭-ভূমি রাজস্ব খাতে" জমা না দেয়ায় সরকারের আর্থিক ক্ষতি	১,১৮,০৩,৫১৪/-
৩৫	উৎসে ভ্যাট আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১৮,৬২,৭৪,৮৪১/-
৩৬	উৎসে আয়কর আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৬,১৩,৫৪,০৯২/-
৩৭	সিএনজি ফিলিং স্টেশন না হওয়া সত্ত্বেও পৌর ফিলিং স্টেশন হতে সিএনজি ক্রয় বাবদ ব্যয়	১,১৩,১৪,৯৭৫/-
	উপমোট=	**২৭,০৭,৪৭,৪২২/-**
	সর্বমোট=	**১৫৬,৬৯,৪৮,৪৩৩/-**

(একশত ছাপ্পান্ন কোটি ঊনসত্তর লক্ষ আটচল্লিশ হাজার চারশত তেত্রিশ)

অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

অনুচ্ছেদ নং-১॥

শিরোনাম ঃ আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ২,৩২,২৬,৭৯৪/- (দুই কোটি বত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার সাতশত চুরানব্বই) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় ২,৩২,২৬,৭৯৪/- টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় হিসাব শাখা হতে সরবরাহকৃত রোড কাটিং এর বিপরীতে আদায় রেজিস্টার, চালান এবং বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিপরীতে ইস্যুকৃত বিল পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, রোড কাটিং ফি এর উপর প্রাপ্ত আয়ের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ স্মারক নং-০৩/মূসক/২০১৪ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং- ০৪ এর বরাতে বিধি-১৮ (ঙ) অনুসারে উৎসে ভ্যাট কর্তন, মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ অনুসারে বিভিন্ন সংস্থা ও ব্যক্তির নিকট হতে ১৫ শতাংশ হারে আদায়যোগ্য কিন্তু এক্ষেত্রে তা পরিপালন না করায় ভ্যাট বাবদ ১,৫৬,৯৩,৭৮০/- টাকা এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক ২ শতাংশ হারে দন্ডসুদ বাবদ ৭৫,৩৩,০১৪/- টাকাসহ সর্বমোট ২,৩২,২৬,৭৯৪/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে। এখানে উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ডের মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করার বিধান থাকলেও এক্ষেত্রে তা পরিপালন না করায় সরকারের উক্ত ক্ষতি হয় [পরিশিষ্ট -১]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ স্মারক নং-০৩/মূসক/২০১৪ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং- ০৪ এর বরাতে বিধি-১৮ (ঙ), মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে নির্বাহী প্রকৌশলী অঞ্চল-০৩ ও ০৫ জানান যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন রেইট সিডিউলে বর্ণিত বিভিন্ন রেট এ্যানালাইসিস এ ভ্যাট বিবেচনা করে আইটেম এর রেট নির্ধারণ করা হয়। সিটি কর্পোরেশনের দর তালিকায় ভ্যাট অন্তর্ভুক্ত রয়েছে, যা আদায়পূর্বক হিসাব বিভাগে জমা আছে। হিসাব বিভাগ ভ্যাট সরকারি সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করবে।

নিরীক্ষা মন্তব্য ঃ ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল। কিন্তু তা না করায় মূসক বিধি মোতাবেক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/ আদায়যোগ্য। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২॥

শিরোনাম ঃ আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৭৭,৪২,২৬৬/- (সাতাত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার দুইশত ছেষট্টি) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে আদায়কৃত আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় দন্ডসুদসহ ৭৭,৪২,২৬৬/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় হিসাব শাখা হতে সরবরাহকৃত হিসাব নিরীক্ষায় রোড কাটিং এর বিপরীতে আদায় রেজিস্টার, চালান এবং বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিপরীতে ইস্যুকৃত বিল পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, সিটি কর্পোরেশনের অনুমোদিত রেট সিডিউল অনুযায়ী রোড কাটিং ফি এর উপর প্রাপ্ত আয়ের বিপরীতে বিভিন্ন সংস্থা ও ব্যক্তির নিকট হতে বিলের উপর ৫ শতাংশ হারে আয়কর কর্তনযোগ্য বিধায় আয়কর বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান না করায় আয়কর বাবদ ৫২,৩১,২৬১/- টাকা এবং আদায়কৃত আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ওনং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখঃ ২৮.০৬.২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩ (তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক উৎসে কর্তনকৃত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাবদ ২৫,১১,০০৫/- টাকা অর্থাৎ সর্বমোট ৭৭,৪২,২৬৬/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -২]।

অনিয়মের কারণ ঃ সিটি কর্পোরেশনের অনুমোদিত রেট সিডিউল, জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ওনং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখঃ ২৮.০৬.২০০৭ খ্রিঃ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে নির্বাহী প্রকৌশলী অঞ্চল-০৩ ও ০৫ জানান যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন রেট সিডিউলে বর্ণিত বিভিন্ন রেট এ্যানালাইসিস-এ আয়কর বিবেচনা করে আইটেম এর রেট নির্ধারণ করা হয়। সিটি কর্পোরেশনের দর তালিকায় আয়কর অন্তর্ভুক্ত রয়েছে, যা আদায়পূর্বক হিসাব বিভাগে জমা আছে। হিসাব বিভাগ আয়কর সরকারি সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করবেন।

নিরীক্ষা মন্তব্য ঃ স্থানীয় অফিসের জবাবে আদায়পূর্বক হিসাব বিভাগে জমা থাকার কথা বলা হলেও জমা হয়েছে কিনা তা অদ্যাবধি জানানো হয়নি। আয়কর বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় আয়কর বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়যোগ্য। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩॥

শিরোনাম ঃ উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৯,১৫,৪৫,৮৭৮/- (নয় কোটি পনেরো লক্ষ পঁয়তাল্লিশ হাজার আটশত আটাত্তর) টাকা ।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে কাজের/সেবার বিপরীতে ভ্যাট বাবদ ৬,১৮,৫৫,৩২৩/- টাকা এবং উৎসে ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় দন্ডসুদ বাবদ ২,৯৬,৯০,৫৫৫/- টাকা অর্থাৎ সর্বমোট ৯,১৫,৪৫,৮৭৮/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।
ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের বিভিন্ন হিসাব শাখা হতে সরবরাহকৃত রেকর্ডপত্র ও বিভিন্ন অঞ্চলের বিল, ভাউচার, বিল রেজিস্টার এবং ভ্যাট কর্তন সংক্রান্ত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন অঞ্চলসমূহের সংস্থা/ব্যক্তি কর্তৃক রোড কাটিং ফি, প্ল্যান্ট ভাড়া, পৌর ফিলিং স্টেশন ইজারা, বাজার সেলামি বাবদ প্রাপ্ত অর্থ ও ঠিকাদারী কাজের গ্রস বিলের পরিবর্তে জামানত কর্তনের পরবর্তী অংশের উপর জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ মোতাবেক ভ্যাট কর্তন না করায় ভ্যাট বাবদ ৬,১৮,৫৫,৩২৩/- টাকা এবং উৎসে ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক ২ শতাংশ হারে দন্ডসুদ বাবদ ২,৯৬,৯০,৫৫৫/- টাকাসহ সর্বমোট ৯,১৫,৪৫,৮৭৮/- টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। এখানে উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ডের বর্ণিত আদেশসমূহ পরিপালন না করায় উক্ত টাকা ক্ষতি সাধিত হয়। এস.আর.ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক (সেবার কোড নং- এস ০০৪.০০) এর আওতাধীন নির্মাণ সংস্থার উপর ৫.৫ শতাংশ হারে উৎসে মূসক কর্তন, এস আর ও নং ১৮০-আইন/২০১৬/৭৫৬-মূসক তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক (সেবার কোড S০৪.০০) নির্মাণ সংস্থা খাতের বিল পরিশোধকালে মূসক বাবদ ৬ শতাংশ হারে কর্তন, (সেবার কোড এস ০২১.০০) প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা কর্তৃক ১৫ শতাংশ হারে ভ্যাট প্রদান, (সেবার কোড S০৩৩.০০) মোতাবেক ইজারাদার কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল ফি, হাসিল বা খাস গ্রহণকারী হিসাবে ৬ শতাংশ হারে মূসক কর্তনের নির্দেশ রয়েছে।
জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং ০৯/মূসক /২০১১, তারিখ ঃ ১২/১০/২০১১ খ্রিঃ, আদেশ নং -৬৩/মূসক /২০১১, তারিখ ঃ ২৯/০৬/২০১১ খ্রিঃ এবং ০৬/মূসক/মূসক/২০১১, তারিখ ঃ ০৭/০৮/২০১১ খ্রিঃ মোতাবেক রোড কাটিং ফি'র ১৫ শতাংশ হারে উৎসে মূল্য সংযোজন কর কর্তন, আদেশ নং-০৩/মূসক/২০১৪ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ, (সেবার কোড এস ০২১.০০), আদেশ নং-০৩/মূসক/২০১৪ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এবং এস.আর ও নং-১২৩/আইন/২০১৫/৭২৯ তারিখ ঃ ০৪/০৬/২০১৫ খ্রিঃ মোতাবেক (সেবা কোড S০৩৩.০০) ইজারা মূল্যের ১৫ শতাংশ হারে ভ্যাট আদায় এবং এস.আর.ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক (সেবার কোড নং- এস০৩৩.০০) এর আওতাধীন এবং ডিএসসিসি বিভিন্ন মার্কেট নির্মাণের বিপরীতে বাজার সেলামি গ্রহণ করে বিধায় ১৫ শতাংশ হারে মূল্য সংযোজন কর জমাদানের আদেশ থাকলেও আলোচ্য ক্ষেত্রে বর্ণিত বিধি ও আদেশ মোতবেক ভ্যাট কর্তন ও কর আইন-১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক কর্তনকৃত উৎসে ভ্যাট ১৫ কর্ম দিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা না করায় সরকারের উক্ত ক্ষতি হয় [পরিশিষ্ট -৩ (ক -ঙ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক (সেবার কোড নং- S০০৪.০০) এবং (সেবার কোড নং- S০৩৩.০০), জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং ১৮০-আইন/২০১৬/৭৫৬-মূসক তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক (সেবার কোড নং- S০০৪.০০), (সেবার কোড S০২১.০০), (সেবার কোড S০৩৩.০০), জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং ০৯/মূসক /২০১১, তারিখ ঃ ১২/১০/২০১১ খ্রিঃ, সাধারণ আদেশ নং -৬৩/মূসক /২০১১, তারিখ ঃ ২৯/০৬/২০১১ খ্রিঃ এবং ০৬/মূসক/মূসক/২০১১, তারিখ ঃ ০৭/০৮/২০১১ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক (সেবার কোড S০২১.০০) এবং এস.আর ও নং-১২৩/আইন/২০১৫/৭২৯ তারিখ ঃ ০৪/০৬/২০১৫ খ্রিঃ, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১), মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩)এর লঙ্ঘন।
অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, পরিশোধিত অর্থের উপর মূসক কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে।
নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।
আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৯/০৫/২০১৭ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।
নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৪॥

শিরোনাম ঃ উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ২,৭৫,৯৩,৩৩০/- (দুই কোটি পঁচাত্তর লক্ষ তিরানব্বই হাজার তিনশত ত্রিশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের বিভিন্ন অঞ্চলের ২০১৫-২০১৬ অর্থ বছরে বিভিন্ন কাজের বিল হতে উৎসে আয়কর কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ ২,৭৫,৯৩,৩৩০/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের বিভিন্ন হিসাব শাখা হতে সরবরাহকৃত রেকর্ডপত্র ও বিভিন্ন শাখার বিল, ভাউচার, বিল রেজিস্টার এবং আয়কর কর্তন সংক্রান্ত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন অঞ্চলসমূহের সংস্থা/ব্যক্তি কর্তৃক রোড কাটিং ফি, এ্যাসফল্ট প্লান্টের ভাড়া, পৌর ফিলিং স্টেশন ইজারা, বাজার সেলামি বাবদ প্রাপ্ত টাকার ও ঠিকাদারী কাজের গ্রস বিলের পরিবর্তে জামানত কর্তনের পরবর্তী অংশের উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ মোতাবেক যে ক্ষেত্রে চুক্তি বা উপ-চুক্তি বাবদ কোন ব্যক্তি বা ব্যক্তি শ্রেণিকে পরিশোধযোগ্য অর্থ সম্পূর্ণ বা আংশিকভাবে অথবা অগ্রিম হিসাবে পরিশোধ করতে হয়, সেক্ষেত্রে অনুরূপ পরিশোধের জন্য দায়ী ব্যক্তি উক্ত পরিশোধ করার সময় পরিশোধযোগ্য অর্থের উপর যে হার প্রযোজ্য সে হারে উৎসে কর কর্তন করতে হবে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ ১৪.১ মোতাবেক ইজারা আদায়ের ক্ষেত্রে ৫ শতাংশ হারে আয়কর সরকারি কোষাগারে জমা করার বিধান রয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৩ (জে) ধারা আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ তে অর্থ আইন/২০১০ এর মাধ্যমে ঠিকাদারের নিকট হতে ৫,০০,০০০/- টাকার ঊর্ধ্বে ১৫,০০,০০০/- টাকা পর্যন্ত ২.৫ শতাংশ হারে, ১৫,০০,০০০/- টাকার উর্দ্ধে ২৫,০০,০০০/- টাকা পর্যন্ত ৩.৫ শতাংশ হারে, ২৫,০০,০০০/- টাকার ঊর্ধ্বে ৩,০০,০০,০০০/- টাকা পর্যন্ত ৪ শতাংশ হারে এবং ৩,০০,০০,০০০/- টাকার ঊর্ধ্বে পরিশোধিত অর্থ হতে ৫ শতাংশ হারে আয়কর কর্তনের এবং এস, আর ও নং-২০৯-আইন/আয়কর/২০১৬ তারিখ ঃ ২৯/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক ২ লক্ষ টাকা পর্যন্ত শূন্য, ২ লক্ষ থেকে ৫ লক্ষ পর্যন্ত-১ শতাংশ হারে, ৫ লক্ষ থেকে ১০ লক্ষ পর্যন্ত ২ শতাংশ, ১০ লক্ষ থেকে ২৫ পর্যন্ত ৩ শতাংশ , ২৫ লক্ষ থেকে ১ কোটি পর্যন্ত ৪ শতাংশ, ১ কোটির উপরে কিন্তু ৫ কোটি পর্যন্ত- ৫ শতাংশ , ৫ কোটির উপরে কিন্তু ১০ কোটি পর্যন্ত- ৬ শতাংশ এবং ১০ কোটির উপরে ৭ শতাংশ কর্তনের বিধান রয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ সনের ৫৩ (জে) মোতাবেক প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা কর্তৃক ৫ শতাংশ হারে আয়কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করার বিধান রয়েছে। ডিএসসিসি বিভিন্ন মার্কেট নির্মাণের বিপরীতে বাজার সেলামি গ্রহণ করে বিধায় এক্ষেত্রে সরকার নির্ধারিত ৫ শতাংশ হারে আয়কর সরকারি কোষাগারে জমাযোগ্য কিন্তু এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি বিধায় উৎসে আয়কর বাবদ ১,৮৬,৪৪,১৪২/- টাকা এবং যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩ (তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাবদ ৮৯,৪৯,১৮৮/- টাকা অর্থাৎ সর্বমোট ২,৭৫,৯৩,৩৩০/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -৪ (ক -ঘ)]।

অনিয়মের কারণ ঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২, ৫৩(জে) এবং ধারা ৫৭ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ ১৪.১, আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ তে অর্থ আইন/২০১০, আয়কর অধ্যাদেশ, জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আপত্তির জবাবে উল্লেখ করে যে, পরিশোধিত অর্থের উপর আয়কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে। বাজার সেলামির বিষয়টি ইজারা সংক্রান্ত বিষয় নয় বিধায় আয়কর আদায় করার কোন অবকাশ নেই । এমতাবস্থায় আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।

২০১৫-২০১৬ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৫॥

শিরোনাম ঃ পৌর ফিলিং স্টেশনের ভাড়া/ইজারা বাবদ ২,৩১,১৪,০০০/- (দুই কোটি একত্রিশ লক্ষ চৌদ্দ হাজার) টাকা আদায় না হওয়ায় সিটি কর্পোরেশনের আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব নিরীক্ষায়, পৌর ফিলিং স্টেশন ভাড়া/ইজারা বাবদ অর্থ আদায় না করায় সিটি কর্পোরেশনের ২,৩১,১৪,০০০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিবহন শাখার নথি, চুক্তি পত্র ও অন্যান্য রের্কডসমূহ পরীক্ষান্তে পরিলক্ষিত হয় যে, চুক্তির শর্ত অনুসারে আয়কর ও ভ্যাট অগ্রিম পরিশোধ থাকলেও প্রতি মাসের ভাড়া বাবদ অর্থ অদ্যাবধি পরিশোধ/আদায় করা হয়নি। সিপিডব্লিউ কোডের প্যারা ১৭৭ (এ) মোতাবেক রাজস্ব আদায় এবং কোষাগারে জমা করা নির্বাহী কর্মকর্তার দায়িত্ব থাকলেও এক্ষেত্রে তা পরিপালন না করায় সিটি কর্পোরেশনের ২,৩১,১৪,০০০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -৫ (ক -খ)]

অনিয়মের কারণ ঃ সিপিডব্লিউ কোডের প্যারা ১৭৭ (এ) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, পৌর ফিলিং স্টেশনের ভাড়া/ইজারা আদায়ের সংশ্লিষ্ট ইজারাদারদের সাথে প্রশাসনিক কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত টাকা আদায়ের পর প্রমাণসহ দাখিল করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ স্থানীয় জবাবে আদায় করে জানানোর কথা বলা হলেও আদায় হয়েছে কিনা তা অদ্যাবধি জানানো হয়নি। পৌর ফিলিং স্টেশন ভাড়া/ইজারা বাবদ অর্থ আদায় করে যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল।

২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৯/০৫/২০১৭ খ্রিঃ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে কর্পোরেশনের তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৬॥

শিরোনাম ঃ মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের ১৬,০৮,৫০,০০০/- (ষোল কোটি আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব নিরীক্ষায়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের ভাড়ার প্রাপ্য অংশ আদায় না করায় কর্পোরেশনের ১৬,০৮,৫০,০০০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বিজ্ঞাপন শাখা কর্তৃক বিভিন্ন উচ্চতার মোবাইল ফোন টাওয়ার চিহ্নিতকরণ পত্রের বরাতে পরিলক্ষিত হয় যে, ২০১৪-২০১৫ অর্থ বছরে উচ্চতার ভিত্তিতে ০৫(পাঁচ)টি মোবাইল কোম্পানীকে, দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় মোট ৭৯৪টি টাওয়ার নির্মাণের দরুন বিজ্ঞাপন কর বাবদ ১৬,০৮,৫০,০০০/- টাকা নির্ধারণপূর্বক পরিশোধের নিমিত্তে পত্র প্রেরণ করে। কিন্তু মোবাইল কোম্পানীসমূহ এই ব্যাপারে কোনো কর্ণপাত করেনি। ডিএসসিসি ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরসমূহের জন্য এসেসমেন্টপূর্বক মোবাইল কোম্পানীসমূহের প্রকৃত টাওয়ারের সংখ্যা নিরূপণ করতে পারেনি। বাংলালিংক কোম্পানী ২০১৫-২০১৬ অর্থ বছরে ডিএসসিসি'র বিজ্ঞাপন শাখায় অবহিত করে যে, দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় তাদের স্থাপিত টাওয়ারের সংখ্যা ৪৮২টি (৪১৮+৬৪) এবং বাড়িওয়ালাদের (যে সমস্ত বাড়ির ছাদে মোবাইল টাওয়ার স্থাপিত হয়েছে) সাথে সম্পাদিত মোট চুক্তি মূল্যের ছয় ভাগের এক অংশ হিসাবে সিটি কর্পোরেশন তহবিলে ১,৪৮,৭৩,৩৯০/- (১,২৬,০০,৬৫১/- + ২২,৭২,৭৩৯/-) টাকা জমা করে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তারিখ ঃ ১৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ২৮/০১/২০১৬ খ্রিঃ এস আর ও নং-১৩-আইন/২০১৬ এর বিধান অনুযায়ী চুক্তিতে বর্ণিত ভাড়ার ছয় ভাগের এক ভাগ কর হিসাবে আদায়যোগ্য হবে। এ্যাসেসর শাখা কর্তৃক এ্যাসেসমেন্ট করে কোন কোম্পানীর কতগুলি টাওয়ার স্থাপন করা হয়েছে তার সুনির্দিষ্ট কোন রেকর্ড রক্ষিত নেই। কোম্পানীসমূহও তাদের স্থাপিত টাওয়ার সংখ্যা ও বার্ষিক ভাড়ার রেকর্ডপত্র সরবরাহ না করার ফলে কর্পোরেশন ১৬,০৮,৫০,০০০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -৬]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তারিখ ঃ ১৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ২৮/০১/২০১৬ খ্রিঃ এস আর ও নং- ১৩-আইন/২০১৬ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জবাবে কর্তৃপক্ষ জানান যে, ২০১৪-২০১৫ অর্থ বছরের নিরীক্ষাকালে নিরীক্ষাদল কর্তৃক "মোবাইল টাওয়ার" বিষয়ে অনুরূপ আপত্তি উত্থাপন করা হয়েছিল। এতদ্প্রেক্ষিতে ইতোমধ্যেই মোবাইল কোম্পানী বাংলালিংক এর নিকট হতে ২০১৫-২০১৬ অর্থ বছরের ভাড়ার চুক্তি মূল্যের ছয় ভাগের এক ভাগ অর্থ আদায় করা হয়েছে যা নিরীক্ষাদলকে প্রদর্শন করা হয়েছে। অবশিষ্ট অর্থ মোবাইল কোম্পানীগুলোর নিকট হতে "মোবাইল টাওয়ার" খাতে পাওনা অর্থ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে। আদায়ের পর অডিট বিভাগকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবে আদায়ের পর অডিট বিভাগকে অবহিত করা হবে মর্মে বলা হলেও অদ্যাবধি কোন অগ্রগতি নিরীক্ষাকে অবহিত করা হয়নি। অন্যান্য মোবাইল কোম্পানীর নিকট হতে বছরভিত্তিক চুক্তি মূল্যের উপর ছয় ভাগের এক ভাগ অর্থ আদায় করা প্রয়োজন ছিল।

২০১৬-২০১৭ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে কর্পোরেশনের তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৭॥

শিরোনাম ঃ ঠিকাদারের নিকট হতে এ্যাসফল্ট প্লান্ট হায়ার চার্জ আদায় না করায় কর্পোরেশনের ৩,৪৬,৬৫,৮৪৮/- (তিন কোটি ছেচল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার আটশত আটচল্লিশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর অধীন নির্বাহী প্রকৌশলী এবং প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্পোরেশনের এ্যাসফল্ট প্লান্ট দ্বারা সম্পাদিত কার্পেটিং/ওয়ারিং কোর্স কাজের বিপরীতে ঠিকাদারের নিকট হতে এ্যাসফল্ট হায়ার চার্জ আদায় না করায় কর্পোরেশনের ৩,৪৬,৬৫,৮৪৮/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অধিন প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখার এ্যাসফল্ট প্লান্ট ব্যবহার/ভাড়া সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায় যে, ঠিকাদার কর্তৃক কর্পোরেশনের এ্যাসফল প্লান্ট দ্বারা সম্পাদিত কার্পেটিং/ওয়্যারিং কোর্স কাজের বিপরীতে ঠিকাদারের বিল হতে এ্যাসফল্ট হায়ার চার্জ কর্তন/আদায় না করায় কর্পোরেশনের ৩,৪৬,৬৫,৮৪৮/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ০৭/০৩/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.২০৭.০০৬ .০৯.০৫. ২১০.২০১৬/২২৯ অনুযায়ী কার্পেটিং/ওয়্যারিং কোর্স কাজে কর্পোরেশনের এ্যাসফল্ট প্লান্ট ব্যবহার বাধ্যতামূলক এবং একই আদেশে বর্ণিত হারে হায়ার চার্জ কর্তন/আদায়যোগ্য হলেও তা ঠিকাদরের বিল হতে আদায় করা হয়নি। ফলে বর্ণিত ৩,৪৬,৬৫,৮৪৮/- টাকা কর্পোরেশনের ক্ষতি হয়েছে [পরিশিষ্ট -৭ (ক -খ)]।

অনিয়মের কারণ ঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ০৭/০৩/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.২০৭.০০৬ .০৯.০৫. ২১০.২০১৬/২২৯ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, ডিএসসিসি তহবিলে রাজস্ব বাজেটের সীমাবদ্ধতা থাকায় ঠিকাদারের বিল পরিশোধ করা সম্ভব হয়নি। ঠিকাদারের বিল পরিশোধকালে আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ বিধি মোতাবেক আপত্তিকৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল।

২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৯/০৫/২০১৭ খ্রিঃ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে কর্পোরেশনের তহবিলে জমা করা আবশ্যক।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

অনুচ্ছেদ নং-৮॥

শিরোনাম ঃ আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৬,৩৮,৬৩,৬৫০/- (ছয় কোটি আটত্রিশ লক্ষ তেষট্টি হাজার ছয়শত পঞ্চাশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ ৬,৩৮,৬৩,৬৫০/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে আয়-ব্যয় বিবরণী, ঠিকাদারী বিল রেজিস্টার (আয়কর ও ভ্যাট), হাট-বাজারের খাস আদায় সংক্রান্ত রেকর্ডপত্র, নিলাম সংক্রান্ত নথি ও রেকর্ডপত্র এবং ক্যাশবুক যাচাইয়ে দেখা যায় যে, বিভিন্ন সেবা প্রদানকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠান, হাট-বাজারের খাস আদায় এবং নিলামকারী সংস্থা কর্তৃক নিলামকৃত পণ্য মূল্যের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড ও শিরোনাম অনুযায়ী বিভিন্ন সেবা প্রদানকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধকালে নির্ধারিত হারে উৎসে ভ্যাট কর্তনযোগ্য এবং নিলামকারী সংস্থার নিকট হতে নিলামকৃত পণ্য মূল্যের বিপরীতে ১৫ শতাংশ ভ্যাট এবং হাট-বাজারের ইজারা মূল্যের অতিরিক্ত ১৫ শতাংশ ভ্যাট আদায়যোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক, তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ এর ব্যাখ্যা (সেবার কোড S০৩৩.০০) অনুযায়ী হাট-বাজারের খাস সংগ্রহকারীও ইজারাদারের অন্তর্ভূক্ত হবে বিধায় হাট-বাজারের খাস আদায়কৃত অর্থ (খাস আদায়জনিত খরচ বাদে) হতে ১৫ শতাংশ ভ্যাট সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি বিধায় আদায়কৃত ভ্যাট বাবদ ৪,৭০,০৫,৬৬৪/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত সাধারণ আদেশ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ (১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাযোগ্য এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি কোষাগারে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান করা হয় বিধায় আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি বিধায় দন্ডসুদ বাবদ ১,৬৮,৫৭,৯৮৬/- টাকাসহ সর্বমোট ৬,৩৮,৬৩,৬৫০/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -৮.১ (ক - খ) ৮.২(ক-গ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক, তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ এর ব্যাখ্যা (সেবার কোড S০৩৩.০০), জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত সাধারণ আদেশ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ (১), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, যাচাই-বাছাই করে পরবর্তীতে বিএস জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় এখন মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে আদায় করতে হবে। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৯॥

শিরোনাম ঃ উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ২,৭৮,৪৪,৬৭১/- (দুই কোটি আটাত্তর লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত একাত্তর) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে কাজের/সেবার বিল হতে উৎসে ভ্যাট কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ ২,৭৮,৪৪,৬৭১/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে আয়-ব্যয় বিবরণী, সংশ্লিষ্ট রেজিস্টার ও রেকর্ডপত্র এবং ক্যাশবুক যাচাইয়ে দেখা যায় যে, রিক্সা/অটোরিকশার মালিক ও চালক এর লাইসেন্স ফি, রোড কাটিং ফি, মোবাইল টাওয়ারের বিজ্ঞাপন কর, রোড রোলার ভাড়া, নিলামকৃত পণ্যের ক্রেতা, স্থান-স্থাপনা (দোকান) ভাড়ার বিপরীতে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮ (ঙ) অনুসারে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর এবং বিভিন্ন ফি বা অন্য কোনোভাবে প্রাপ্ত অর্থের উপর উৎসে ১৫ শতাংশ হারে ভ্যাট কর্তনযোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা ও বিজ্ঞাপনী সংস্থার নিকট হতে ১৫ শতাংশ হারে এবং নিলামকৃত পণ্যের ক্রেতার নিকট হতে ৪ শতাংশ হারে ভ্যাট আদায়যোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-০৯-আইন/২০১১/৫৮৩-মূসক, তারিখ ঃ ০৯/০১/২০১১ খ্রিঃ মোতাবেক স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীর নিকট হতে ৯ শতাংশ হারে ভ্যাট আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি বিধায় ভ্যাট আদায় না করায় ভ্যাট বাবদ ২,২৩,০৬,৫৯৯/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে ভ্যাট কর্তন করা না হলে ভ্যাট কর্তনের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান করা হয় বিধায় আপত্তিকৃত টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি বিধায় দন্ডসুদ বাবদ ৫৫,৩৮,০৭২/- টাকাসহ সর্বমোট ২,৭৮,৪৪,৬৭১/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -৯ (ক -চ)]।

অনিয়মের কারণ ঃ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮ (ঙ), জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-০৯-আইন/২০১১/৫৮৩-মূসক, তারিখ ঃ ০৯/০১/২০১১ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, যাচাই-বাছাই করে পরবর্তীতে বিএস জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ যাচাই বাছাই করে জানানোর কথা থাকলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি। বিধি মোতাবেক আদায়যোগ্য অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল। কিন্তু তা না করায় মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য । উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।
২০১৬-২০১৭ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১০॥

শিরোনাম ঃ আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৩,২০,১৭,০৬৭/- (তিন কোটি বিশ লক্ষ সতেরো হাজার সাতষট্টি) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন কাজের বিল হতে আদায়কৃত আয়কর যথা সময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় ৩,২০,১৭,০৬৭/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে আয়-ব্যয় বিবরণী, ঠিকাদারী বিল রেজিস্টার (আয়কর ও ভ্যাট), হাট-বাজারের খাস আদায় সংক্রান্ত রেকর্ডপত্র এবং ক্যাশবহি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, বিভিন্ন সেবা প্রদানকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠান এবং হাট-বাজারের খাস আদায়কৃত অর্থের বিপরীতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২, বিধি-১৬ মোতাবেক বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে স্লাব অনুযায়ী আয়কর কর্তনযোগ্য এবং একই অধ্যাদেশ এর ধারা-৫৩(জে) মোতাবেক হাট-বাজারের খাস আদায়কৃত অর্থ হতে ৫ শতাংশ আয়কর সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি বিধায় আয়কর বাবদ ২,৩৬,৫২,৪৮২/- টাকা এবং আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করায় এসআরও নং-১৬০-আইন/আয়কর/২০০৭, তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩(তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক উৎসে কর্তনকৃত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান থাকায় আপত্তিকৃত টাকা আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি এবং আদায়কৃত আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় দন্ডসুদ বাবদ ৮৩,৬৪,৫৮৫/- টাকাসহ সর্বমোট (২,৩৬,৫২,৪৮২/- + ৮৩,৬৪,৫৮৫/-) = ৩,২০,১৭,০৬৭/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -১০.১(ক -খ), ১০.২(ক-খ)]।

অনিয়মের কারণ ঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২ বিধি-১৬, ধারা ৫৩(জে), ৫৭ এবং এসআরও নং-১৬০-আইন/আয়কর/২০০৭, তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জানানো হয় যে, যাচাই-বাছাই করে পরবর্তীতে বিএস জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আয়কর বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় আয়কর বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৬-২০১৭ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১১॥

শিরোনাম ঃ মূলধনী যন্ত্রপাতি ভাড়া ও ঠিকাদারী বিল হতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট কর্তন করায় দন্ডসুদসহ সরকারের ১,১১,১৯,৫৩৫/- (এক কোটি এগারো লক্ষ উনিশ হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা আর্থিক ক্ষতি ।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরে বিভিন্ন কাজের বিপরীতে ঠিকাদারের নিকট হতে এ্যাসফল্ট হায়ার চার্জ আদায় না করায় কর্পোরেশনের ১,১১,১৯,৫৩৫/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কার্যালয়ের ঠিকাদারী খতিয়ান বই, বিল ভাউচার, অন্যান্য রেকর্ডপত্র ও ঠিকাদারী লেজার, ভ্যাট কর্তন রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় যে, মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থার বিল ও ঠিকাদারী বিল হতে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মুসক/২০১৬ তারিখ ঃ ০২ জুন, ২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড ও শিরোনাম অনুযায়ী মূলধনী যন্ত্রপাতি ভাড়ার বিল হতে ১৫ শতাংশ হারে ভ্যাট কর্তনের বিধান আছে। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং - ০৩/মূসক/২০১৪, তারিখ: ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপের ক্ষেত্রে ৭.৫ শতাংশ হারে এবং পণ্যের বিনিময়ে করযোগ্য কাজের নিয়োজিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১৫ শতাংশ হারে ভ্যাট কর্তন ও সরকারি কোষাগারে জমার বিধান রয়েছে বিধায় নির্ধারিত হার অপেক্ষা কম হারে কর্তন করায় ভ্যাট বাবদ ৭৫,১৩,১৯৯/- টাকা এবং যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান করা হয় বিধায় আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি বিধায় দন্ডসুদ বাবদ ৩৬,০৬,৩৩৬/- টাকাসহ সর্বমোট ১,১১,১৯,৫৩৫/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -১১ (ক -খ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মুসক/২০১৬ তারিখ ঃ ০২ জুন, ২০১৬ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং - ০৩/মূসক/২০১৪, তারিখ: ০৫/০৬/২০১৪খ্রিঃ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জানানো হয় যে, যাচাই-বাছাই করে পরবর্তীতে বিএস জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ যাচাই বাছাই করেই আপত্তি উত্থাপন করা হয়েছে। সরকারের নির্দেশনা মোতাবেক অর্থ ব্যয়ের সাথে সাথেই সরকারের প্রাপ্য রাজস্ব কোষাগারে জমা করা আবশ্যক ছিল। ভ্যাট বাবদ কম আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় এখন মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে আদায় করতে হবে। অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৬ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১২॥

শিরোনাম ঃ সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে অবসর গ্রহণের পর প্রাপ্যের অতিরিক্ত গ্রাচুইটি মঞ্জুরি প্রদান করায় সংস্থার ৫,৮১,০৭,৬৭৪/- (পাঁচ কোটি একাশি লক্ষ সাত হাজার ছয়শত চুয়াত্তর) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে অবসর গ্রহণের পর প্রাপ্যের অতিরিক্ত গ্রাচুইটি মঞ্জুরি প্রদান করায় সংস্থার ৫,৮১,০৭,৬৭৪/- (পাঁচ কোটি একাশি লক্ষ সাত হাজার ছয়শত চুয়াত্তর) টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের গ্রাচুইটি মঞ্জুরি প্রদান সংক্রান্ত নথি ও রেজিস্টার পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে অবসর গ্রহণের পর প্রাপ্যের অতিরিক্ত গ্রাচুইটি মঞ্জুরি প্রদান করায় সংস্থার ৫,৮১,০৭,৬৭৪/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, রীট শাখার স্মারক নং-সল/মিস-৪৫/২০০৮(রীট)-৭১২, তারিখ ঃ ১০/০৭/২০০৮ খ্রিঃ মোতাবেক সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের ৮০ (আশি) মাসের গ্রাচুইটির টাকা পরিশোধ সংক্রান্ত আইনগত মতামত অনুযায়ী "বাংলাদেশের সকল সিটি কর্পোরেশন/ পৌরসভাসমূহের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে অবসর গ্রহণের পর ৮০(আশি) মাসের বেতনের সমপরিমাণ টাকা গ্রাচুইটি হিসেবে প্রদান করতে হবে"। কিন্তু এক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে ৮০(আশি) মাসের বেতনের সমপরিমাণ টাকা গ্রাচুইটি হিসেবে প্রদান না করে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ন্যায় হিসাব করে [{(অবসরকালীন মূল বেতন × ৯০ শতাংশ) × ২ } ×২৩০.০০] গ্রাচুইটি নির্ধারণপূর্বক আংশিক/সমুদয় গ্রাচুইটির টাকা প্রদান করা হয়েছে। এতে ৮০(আশি) মাসের বেতনের অতিরিক্ত গ্রাচুইটি নির্ধারণ ও প্রদান করা হয়েছে। ফলে সংস্থার ৫,৮১,০৭,৬৭৪/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে [পরিশিষ্ট -১২]।

অনিয়মের কারণ ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, রীট শাখার স্মারক নং-সল/মিস-৪৫/২০০৮(রীট)-৭১২, তারিখ ঃ ১০/০৭/২০০৮ খ্রিঃ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ অবসরপ্রাপ্ত কর্মকর্তা, কর্মচারীদের অবসর গ্রহণের অতিরিক্ত অর্থাৎ ৯০ শতাংশ গ্রাচুইটি প্রদানের বিষয়ে সরকারি আদেশ সংযুক্ত করা হলো। সার্বিক বিষয় বিবেচনায় এনে আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি। কারণ, সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে ৮০ (আশি) মাসের বেতনের অতিরিক্ত গ্রাচুইটি প্রদান করার বিষয়ে কোন আদেশ নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। কাজেই বিধিবহির্ভূতভাবে প্রাপ্যের অতিরিক্ত গ্রাচুইটি নির্ধারণ ও প্রদান করা হয়েছে।
২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে আদায় করে সংস্থার তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৩॥

শিরোনাম ঃ মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের ৬৪,৮৯,৩৭০/- (চৌষট্টি লক্ষ উননব্বই হাজার তিনশত সত্তর) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের ৬৪,৮৯,৩৭০/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষার সময় আয়-ব্যয় বিবরণী ও আদায় সংক্রান্ত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, গ্রামীণ ফোন লিমিটেড ২৫২টি ভবনের ছাদে ও ৩টি ভূমিতে মোট ২৫৫টি বেইজ স্টেশন রয়েছে। বিজ্ঞাপন কর বাবদ গ্রামীণ ফোন লিমিটেড এর নিকট জুন/২০১৭ খ্রিঃ পর্যন্ত ৬৪,৮৯,৩৭০/- টাকা বকেয়া রয়েছে। বকেয়া কর পরিশোধের নিমিত্ত পত্র প্রেরণ করা হয়। কিন্তু উক্ত মোবাইল ফোন কোম্পানী উক্ত অর্থ অদ্যাবধি পরিশোধ করেনি। ২৮/০১/২০১৬ খ্রিঃ তারিখের এসআরও নং-১৩- আইন/২০১৬ এর অনুচ্ছেদ ২৯৭ মোতাবেক বাসা বাড়ির ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের মাসিক ভাড়ার ছয় ভাগের এক ভাগ মোবাইর টাওয়ার কর হিসাবে বাড়ির মালিকগণ হতে হোল্ডিং ট্যাক্সের সাথে আদায়যোগ্য। কিন্তু আপত্তিতে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক মোবাইল টাওয়ারের ভাড়ার উপর প্রাপ্য কর আদায় করা হয়নি। ফলে প্রতিষ্ঠানের ৬৪,৮৯,৩৭০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে [পরিশিষ্ট -১৩]।

অনিয়মের কারণ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এ্যাসেস্‌মেন্টপূর্বক মোবাইল কোম্পানীসমুহের প্রকৃত টাওয়ারের সংখ্যা নিরূপণ করতে পারেননি। মোবাইল অপারেটর বাংলালিংক এর ২০১৬-২০১৭ অর্থ বছর কর পরিশোধের হালনাগাদ তথ্য পাওয়া যায়। বাকি মোবাইল অপারেটর এর টাওয়ার স্থাপন সংক্রান্ত হালনাগাদ কোন তথ্য পাওয়া যায়নি।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জানানো হয় যে, যাচাই-বাছাই করে পরবর্তীতে বিএস জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ অনাদায়ী অর্থ অনতিবিলম্বে আদায় করা আবশ্যক।

২০১৬-২০১৭ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে কর্পোরেশনের তহবিলে জমা করা আবশ্যক।

খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

অনুচ্ছেদ নং-১৪॥

শিরোনাম ঃ এ্যাসফল্ট প্লান্ট ভাড়ার বিপরীতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট আদায় করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৩৯,২০,০২১/- (উনচল্লিশ লক্ষ বিশ হাজার একুশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে এ্যাসফল্ট প্লান্ট ভাড়ার বিপরীতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট আদায় করায় দন্ডসুদসহ ৩৯,২০,০২১/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

খুলনা সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে আয়-ব্যয় বিবরণী, এ্যাসফল্ট প্লান্ট ভাড়ার ভ্যাট আদায় ও জমা সংক্রান্ত রেকর্ডপত্র এবং ক্যাশবুক যাচাইয়ে দেখা যায় যে, এ্যাসফল্ট প্লান্ট ভাড়ার বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক মূলধনী যন্ত্রপাতি ভাড়ার বিপরীতে ১৫ শতাংশ ভ্যাট আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাযোগ্য। কিন্তু এক্ষেত্রে এ্যাসফল্ট প্লান্ট ভাড়ার বিপরীতে ১৫ শতাংশ ভ্যাট আদায় না করে ৫ শতাংশ ও ৬ শতাংশ হারে ভ্যাট আদায় করা হয়েছে অর্থাৎ নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট আদায় করায় ভ্যাট বাবদ ২৬,৪৮,৬৬৩/- টাকা এবং কম আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত সাধারণ আদেশ এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে ভ্যাট কম আদায় করা হলে ভ্যাট আদায়ের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাবদ ১২,৭১,৩৫৮/- টাকাসহ সর্বমোট ৩৯,২০,০২১/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -১৪]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ কার্পেটিং এবং সিলকোট এর কাজে এ্যাসফল্ট প্লান্ট ব্যবহারসহ আনুষঙ্গিক সুবিধাদি প্রদান করা হয়। এ্যাসফল্ট প্লান্ট ব্যবহার উক্ত কাজের একটি অংশ এবং সেখানে প্রাক্কলনের পরে ঠিকাদারের লভ্যাংশ এবং ভ্যাট আলাদা করে ধরা আছে, যা সম্মিলিতভাবে ১৫.৫ শতাংশ । সেখানে পৃথকভাবে ভ্যাট কেটে রাখার সুযোগ থাকে না।

নিরীক্ষা মন্তব্য ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক সেবার কোড ও শিরোনাম অনুযায়ী আলাদাভাবে নির্ধারিত হারে ভ্যাট আদায়যোগ্য। কিন্তু তা না করায় মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য । উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৫॥

শিরোনাম ঃ উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ২,৭৩,০৮,০০৪/- (দুই কোটি তিয়াত্তর লক্ষ আট হাজার চার) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন বিল/কাজের বিপরীতে উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ২,৭৩,০৮,০০৪/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

খুলনা সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে আয়-ব্যয় বিবরণী, সংশ্লিষ্ট রেজিস্টার ও রেকর্ডপত্র এবং ক্যাশবুক যাচাইয়ে দেখা যায় যে, জিয়া হলের উন্মুক্ত স্থান ভাড়া, বিজ্ঞাপনী সংস্থার নিকট হতে ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়নকালে, রোড কাটিং ফি আদায়কালে স্থান-স্থাপনা (দোকান) ভাড়ার বিপরীতে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮(ঙ) অনুসারে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর এবং বিভিন্ন ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত অর্থের উপর উৎসে ১৫ শতাংশ ভ্যাট কর্তনযোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক বিজ্ঞাপনী সংস্থার নিকট হতে ১৫ শতাংশ এবং জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-০৯-আইন/২০১১/৫৮৩-মূসক, তারিখ ঃ ০৯/০১/২০১১ খ্রিঃ মোতাবেক স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীর নিকট হতে ৯ শতাংশ হারে ভ্যাট বাবদ ১,৮৪,৫১,৩৫৪/- টাকা এবং যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে ভ্যাট কর্তন/আদায় করা না হলে আদায়/কর্তনের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাবদ ৮৮,৫৬,৬৫০/-টাকাসহ সর্বমোট ২,৭৩,০৮,০০৪/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -১৫(ক-ঙ)]।

অনিয়মের কারণ ঃ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮(ঙ), জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-০৯-আইন/২০১১/৫৮৩-মূসক, তারিখ ঃ ০৯/০১/২০১১ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জানানো হয় যে, ভ্যাট আদায় করা হয়নি/ভ্যাট আদায় করে জমা প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৬॥

শিরোনাম ঃ উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৪০,৬৪,১২৮/- (চল্লিশ লক্ষ চৌষট্টি হাজার একশত আটাশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে বিভিন্ন কাজের বিল হতে উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ ৪০,৬৪,১২৮/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

খুলনা সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে আয়-ব্যয় বিবরণী, সংশ্লিষ্ট নথি, রেজিস্টার ও রেকর্ডপত্র এবং ক্যাশ বুক যাচাইয়ে দেখা যায় যে, এ্যাসফল্ট প্লান্ট ভাড়া, ভূমি অধিগ্রহণের পরিশোধিত ক্ষতিপূরণ, যন্ত্রপাতি ও মেশিনারী ভাড়া, জিয়া হলের উন্মুক্ত স্থান ভাড়া, স্থান ও স্থাপনা (দোকান) ভাড়ার বিপরীতে আয়কর অধ্যাদেশ,১৯৮৪ এর ধারা-৫৩(জে) এবং জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০০৩.২০১২-৭২ তারিখ ঃ ১২/০৮/২০১২ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত পরিপত্র মোতাবেক প্লান্ট ও মেশিনারী ভাড়ার উপর উৎসে ৫ শতাংশ আয়কর কর্তনযোগ্য। একই অধ্যাদেশ এর সেকশন ৫২সি মোতাবেক সিটি কর্পোরেশনের ভিতরে অবস্থিত ভূমি অধিগ্রহণের পরিশোধিত ক্ষতিপূরণ হতে ২ শতাংশ হারে উৎসে আয়কর কর্তনযোগ্য এবং ধারা-৫৩এ এর ব্যাখ্যা ও অর্থ আইন ২০১৪ মোতাবেক স্থান-স্থাপনা (দোকান) ভাড়ার বিপরীতে ৫ শতাংশ আয়কর আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় উৎসে আয়কর বাবদ ২৭,৪৬,০৩২/- টাকা এবং যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখঃ ২৮.০৬.২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩ (তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক উৎসে কর্তনকৃত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান থাকায় আপত্তিকৃত টাকা আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ ১৩,১৮,০৯৬/- টাকাসহ সর্বমোট ৪০,৬৪,১২৮/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

[পরিশিষ্ট -১৬(ক-ঙ)]।

অনিয়মের কারণ ঃ আয়কর অধ্যাদেশ,১৯৮৪ এর ধারা-৫৩(জে), ধারা ৫৭ এবং জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০০৩.২০১২-৭২ তারিখ ঃ ১২/০৮/২০১২ খ্রিঃ এর সেকশন ৫২সি এবং ধারা-৫৩এ এর ব্যাখ্যা ও অর্থ আইন/২০১৪ এবং জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখঃ ২৮.০৬.২০০৭ খ্রিঃ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জানানো হয় যে, আয়কর হিসাব বিভাগ কর্তৃক কেটে রাখা হয়।

নিরীক্ষা মন্তব্য ঃ আয়কর বাবদ অনাদায়ী অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল। কিন্তু তা না করায় আয়কর বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

রংপুর সিটি কর্পোরেশন, রংপুর

অনুচ্ছেদ নং-১৭॥

শিরোনাম ঃ আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৩,৮০,৫০,৮৩৫/-(তিন কোটি আশি লক্ষ পঞ্চাশ হাজার আটশত পঁয়ত্রিশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে বিভিন্ন কাজের/সেবার বিপরীতে আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ ৩,৮০,৫০,৮৩৫/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

রংপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায়, হিসাব শাখা, বাজার শাখা, সাধারণ শাখা ও আদায় শাখার আদায় সংক্রান্ত ক্যাশবহি, বিল/ভাউচার ও অন্যান্য রেকর্ডপত্র যাচাইয়ে পরিলক্ষিত হয় যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪ এর বিধান মোতাবেক দরপত্রদাতা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে। জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬৮-আইন/১০৩/৬৭২-মূসক তারিখ ঃ ০৬.০২.২০১৩ খ্রিঃ মোতাবেক (সেবার কোড নং S০৩৩.০০) অনুযায়ী "ইজারাদার" অর্থ পণের বিনিময়ে কোনো স্থান বা স্থাপনার অথবা কোনো স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল ফি, হাসিল বা খাস সংগ্রহকারী ও ইহার অন্তর্ভুক্ত হবেন, যা পরিপালন করা হয়নি এবং (সেবার কোড নং S০০৯.০০) মোতাবেক নিলামকারী সংস্থা কর্তৃক প্রাপ্ত অর্থের ১৫ শতাংশ হারে ভ্যাট প্রদান করবে। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ০২.০৬.২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড ও শিরোনাম অনুযায়ী বিভিন্ন সেবা প্রদানকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধে নির্ধারিত হারে ভ্যাট প্রযোজ্য। ইজারা গ্রহীতার নিকট হতে ইজারা মূল্যের উপর এবং নিলামকৃত মালামালের প্রাপ্ত অর্থ হতে ১৫ শতাংশ হারে আদায়কৃত ভ্যাট এবং ঠিকাদারী প্রতিষ্ঠান হতে নির্ধারিত হারে কর্তনকৃত ভ্যাট বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান না করায় আদায়কৃত ভ্যাট বাবদ ২,৬৭,৮১,৫৬৩/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর বিধিমালা-১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য বিধায় দন্ডসুদ বাবদ ১,১২,৬৯,২৭২/- টাকাসহ সর্বমোট ৩,৮০,৫০,৮৩৫/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -১৭(ক-চ)]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬৮-আইন/১০৩/৬৭২-মূসক তারিখ ঃ ০৬.০২.২০১৩ খ্রিঃ মোতাবেক (সেবার কোড নং S০৩৩.০০) এবং (সেবার কোড নং S০০৯.০০), জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ০২.০৬.২০১৬ খ্রিঃ, মূল্য সংযোজন কর বিধিমালা-১৯৯১ এর বিধি-১৮খ(১), মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ হিসাব শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ জমাপূর্বক সংশ্লিষ্ট দপ্তরকে জানানো হবে।

- বাজার শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ হিসাব শাখায় জমা আছে।
- সাধারণ শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ জমাপূর্বক সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করা হবে।
- সম্পত্তি শাখা ২৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখে নিরীক্ষা জিজ্ঞাসাপত্র গ্রহণ করলেও কোনো জবাব প্রদান করেনি।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।
২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৮॥

শিরোনাম ঃ উৎসে কর্তনকৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ১,৭১,৭১,৬৭৯/- (এক কোটি একাত্তর লক্ষ একাত্তর হাজার ছয়শত উনআশি) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে বিভিন্ন সেবা/কাজের বিপরীতে উৎসে কর্তনকৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ১,৭১,৭১,৬৭৯/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

রংপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায়, হিসাব শাখা,বাজার শাখা ও সাধারণ শাখার আদায় সংক্রান্ত ক্যাশ বহি, বিল/ভাউচার ও অন্যান্য রেকর্ডপত্র যাচাইয়ান্তে পরিলক্ষিত হয় যে, ইজারা গ্রহীতার নিকট হতে ইজারা মূল্যের উপর এবং ঠিকাদারী প্রতিষ্ঠান হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২, বিধি-১৬ মোতাবেক বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে স্লাব অনুযায়ী আয়কর কর্তনযোগ্য এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪ এর বিধান মোতাবেক দরপত্রদাতা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের উপর ৫ শতাংশ হারে আয়কর বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে এক্ষেত্রে তা পরিপালন না করায় কর্তনকৃত আয়কর বাবদ ১,১৮,০০,১০১/- টাকা এবং আদায়কৃত আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮.০৬.২০০৭ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩ (তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক উৎসে কর্তিত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান করা হয় বিধায় আপত্তিকৃত টাকা আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ বাবদ ৫৩,৭১,৫৭৮/- টাকা সর্বমোট ১,৭১,৭১,৬৭৯/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -১৮(ক-ঘ)]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২, বিধি-১৬ মোতাবেক বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে স্লাব অনুযায়ী, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮.০৬.২০০৭ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ হিসাব শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ জমাপূর্বক সংশ্লিষ্ট দপ্তরকে জানানো হবে।

- বাজার শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ হিসাব শাখায় জমা আছে।
- সাধারণ শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ জমাপূর্বক সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৯॥

শিরোনাম ঃ উৎসে ভ্যাট বাবদ অর্থ আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৪,৪০,২৬,০৮৬/- (চার কোটি চল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার ছিয়াশি) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে বিভিন্ন কাজের/সেবার বিপরীতে উৎসে ভ্যাট বাবদ অর্থ আদায় না করায় দন্ডসুদসহ ৪,৪০,২৬,০৮৬/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

রংপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায়, হিসাব শাখা, কর আদায় শাখা, ট্রেড লাইসেন্স শাখা ও ট্রেড লাইসেন্স শাখার আদায় সংক্রান্ত ক্যাশ বহি, বিল/ভাউচার ও অন্যান্য রেকর্ডপত্র যাচাইয়ান্তে পরিলক্ষিত হয় যে, সিটি কর্পোরেশনের বিভিন্ন আয়, বিজ্ঞাপন কর, বিভিন্ন সেবা সররবাহকারী, পূর্ত কাজ, রোড রোলার মিকচার মেশিন ও ট্রাক ভাড়া এবং বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ আদেশ নং-০৩/মুসক/২০১৪ তারিখ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং- ০৪ এর বিধি -১৮(ঙ) অনুসারে উৎসে ভ্যাট কর্তণ, মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি অনুসারে সরকারি, আধাসরকারি ও স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ রয়্যালটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট আদায়যোগ্য। জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা এর এস আর ও নং -১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ (সেবার কোড নং S০০৭.০০) মোতাবেক বিজ্ঞাপনী সংস্থা হতে প্রাপ্ত করের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট প্রযোজ্য এবংসেবার কোড নং S০২১.০০ অনুযায়ী প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা অর্থের বিনিময়ে কোনো প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি অন্য কোন ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থাকে ব্যবহারের সুযোগ প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান কর্তৃক ১৫ শতাংশ হারে ভ্যাট আদায়পূর্বক সরকারি কোষাগারে জমার বিধান রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডে ও এস আর ও নং-১৮০/আইন/২০১৬/৭৫৬- মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এবং ০২/০৬/১৬ খ্রিঃ তারিখের স্মারক নং-এস আর ও নং-১৮০/আইন/২০১৬/৭৫৬ মূসক এর নির্দেশনা অনুযায়ী ভ্যাট কর্তন করার নির্দেশ রয়েছে। এস আর ও নং-১৭৬-আইন/২০১৬/৭৫২-মূসক তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ এর বরাতে সেবার কোড নং S ০০৪.০০ অনুযায়ী "নির্মাণ সংস্থা" অর্থ এমন কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি যাহা বা যিনি বাণিজ্যিক ভিত্তিতে ভবন , যোগাযোগ মাধ্যম, পরিবহণ, সড়ক, মহাসড়ক, সেতু বা অন্য যে কোনো ধরনের অবকাঠামো নির্মাণ, মেরামত বা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে বা থাকেন এবং কোনো অবকাঠামোর সহিত সংযুক্ত করা হয় বা উহার অংশ হিসাবে ব্যবহৃত হয় এইরূপ যে কোনো ধরণের স্থায়ী বা অস্থায়ী সংস্থাপন ব্যয় ইহার অর্ন্তভূক্ত হবে। জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা এর সাধারণ আদেশ নং-২৫/মূসক/২০১৩ তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ মোতাবেক বিজ্ঞাপনী সংস্থা হতে প্রাপ্ত করের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট প্রযোজ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় উৎসে ভ্যাট বাবদ ৩,০৯,০৮,৮৪২/- টাকা এবং উৎসে ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর বিধিমালা-১৯৯১ এর বিধি-১৮(খ)(১) মোতাবেক উৎসে কর্তণকৃত ভ্যাট ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান করা হয় বিধায় আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য বিধায় দন্ডসুদ বাবদ ১,৩১,১৭,২৪৪/- টাকা সর্বমোট ৪,৪০,২৬,০৮৬/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -১৯(ক-ছ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ আদেশ নং-০৩/মুসক/২০১৪ তারিখ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং- ০৪ এর বিধি -১৮(ঙ), মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১, জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা এর এস আর ও নং -১৬৮-আইন/২০১৩/৬৭২- মূসক তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ (সেবার কোড নং S০০৭.০০), (সেবার কোড নং S০২১.০০) জাতীয় রাজস্ব বোর্ডে ও এস আর ও নং-১৮০/আইন/২০১৬/৭৫৬- মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এবং ০২/০৬/১৬ খ্রিঃ তারিখের স্মারক নং-এস আর ও নং-১৮০/আইন/২০১৬/৭৫৬, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ এবং এস আর ও নং-১৭৬-আইন/২০১৬/৭৫২-মূসক তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ এর বরাতে (সেবার কোড নং S ০০৪.০০), জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা এর সাধারণ আদেশ নং-২৫/মূসক/২০১৩ তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ, মূল্য সংযোজন কর বিধিমালা-১৯৯১ এর বিধি-১৮(খ)(১) এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ হিসাব শাখা জানান যে, আপত্তিকৃত অর্থ জমাপূর্বক সংশ্লিষ্ট দপ্তরকে জানানো হবে।

- বাজার শাখা জানান যে, আপত্তিকৃত অর্থ হিসাব শাখায় জমা আছে।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২০॥

শিরোনাম ঃ আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৮৮,৮৫,৪৪৯/- (আটাশি লক্ষ পঁচাশি হাজার চারশত উনপঞ্চাশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে বিভিন্ন কাজের/সেবার বিপরীতে আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৮৮,৮৫,৪৪৯/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে।

রংপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায়, লাইসেন্স শাখা, ট্যাক্স নির্ধারন শাখা, বাজার শাখা এবং হিসাব শাখার আদায় সংক্রান্ত ক্যাশ বহি, বিল/ভাউচার ও অন্যান্য রেকর্ডপত্র যাচাইয়ান্তে পরিলক্ষিত হয় যে, ট্রেড লাইসেন্স নবায়নকালে গ্রাহকদের নিকট হতে জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০০৩.২০১২.৪৮ তারিখ ০১.০৭.২০১২ অনুযায়ী রংপুর সিটি কর্পোরেশনের জন্য ৩০০/- টাকা হারে ট্রেড লাইসেন্স গ্রহীতার নিকট হতে আয়কর আদায় যোগ্য।

বিভিন্ন বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের বিজ্ঞাপন করের বিপরীতে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ (৫৩জে) মোতাবেক মেশিনারী, যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি ভাড়ার বিপরীতে ৫ শতাংশ হারে আয়কর প্রযোজ্য এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০. ০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪ এর বিধান মোতাবেক দোকান সেলামি মূল্যের উপর ৫ শতাংশ হারে আয়কর বাবদ অর্থ সরকারি কোষাগারে জমাযোগ্য এবং রোড রোলার মিকচার মেশিন ও ট্রাক ভাড়ার বিপরীতে নির্ধারিত হারে আয়কর আদায়পূর্বক অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান না করায় ৬০,০৩,৬৮২/- টাকা এবং আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩(তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশে, ১৯৮৪ এর ধারা -৫৭ মোতাবেক উৎসে কর্তিত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান করা হয় বিধায় আপত্তিকৃত টাকা আদায়াযোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ বাবদ ২৮,৮১,৭৬৭/- টাকা সর্বমোট ৮৮,৮৫,৪৪৯/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -২০(ক-ঘ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০০৩.২০১২.৪৮ তারিখ ০১.০৭.২০১২ খ্রিঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ (৫৩জে) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪ এবং জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ লাইসেন্স শাখা ২৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখে নিরীক্ষা জিজ্ঞাসাপত্র গ্রহণ করা হলেও কোনো জবাব প্রদান করেন নাই।

- লাইসেন্স শাখা ১৬/০৪/২০১৮ খ্রিঃ তারিখে নিরীক্ষা জিজ্ঞাসাপত্র গ্রহণ করা হলেও কোনো জবাব প্রদান করেন নাই।
- যান্ত্রিক শাখা ০৩.০৪.২০১৮ খ্রিঃ তারিখে নিরীক্ষা জিজ্ঞাসাপত্র গ্রহণ করা হলেও কোনো জবাব প্রদান করেন নাই।
- বাজার শাখা জানান যে, আপত্তিকৃত অর্থ হিসাব শাখায় জমা আছে।

নিরীক্ষা মন্তব্য ঃ আদায়কৃত আয়কর আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক ছিল। কিন্তু তা না করায় আয়কর বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য। উল্লেখ্য যে,অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২১॥

শিরোনাম ঃ মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের ৫৩,৬৩,৬৫২/- (তিপান্ন লক্ষ তেষট্টি হাজার ছয়শত বায়ান্ন) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে রংপুর সিটি কর্পোরেশন (আরপিসিসি'র) এর আওতাধীন বিভিন্ন বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের সিটি কর্পোরেশনের প্রাপ্য অংশ আদায় না করায় কর্পোরেশনের ৫৩,৬৩,৬৫২/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

রংপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায়, ট্যাক্স নির্ধারণ শাখা কর্তৃক, বাংলালিংক ও গ্রামীণ ফোন এর সহিত বিভিন্ন বেসরকারি ভবনের মালিকদের চুক্তির কপি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তারিখ ঃ ১৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ২৮/০১/২০১৬ খ্রিঃ এস আর ও নং- ১৩-আইন/২০১৬ এর বিধান অনুযায়ী চুক্তিতে বর্ণিত ভাড়ার ছয় ভাগের এক ভাগ কর হিসাবে আদায়যোগ্য হবে। কোম্পানীসমুহ তাঁদের স্থাপিত টাওয়ার সংখ্যা ও বাৎসরিক ভাড়ার রেকর্ডপত্র সরবরাহ না করায় এবং এ্যাসেসমেন্ট শাখা কর্তৃক সঠিক এ্যাসেসমেন্ট না থাকার ফলে কর্পোরেশন আওতাধীন বিভিন্ন বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের সিটি কর্পোরেশনের প্রাপ্য অংশ আদায় না করায় কর্পোরেশনের ৫৩,৬৩,৬৫২/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। বাকী ০৪(চার) টি মোবাইল কোম্পানীর কোনো রের্কডপত্র কর্পোরেশনের নিকট নাই। বিস্তারিত পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, কর্পোরেশন এলাকায় ০৬(ছয়) টি মোবাইল কোম্প্যানীর টাওয়ার রয়েছে। ট্যাক্স নির্ধারণ শাখার এ্যাসেসর কর্তৃক কর্পোরেশন এলাকায় কয়টি মোবাইল টাওয়ার রয়েছে তার সুনির্দিষ্ট কোনো হিসাব নাই [পরিশিষ্ট -২১]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তারিখ ঃ ২৮/০১/২০১৬ খ্রিঃ এস আর ও নং- ১৩-আইন/২০১৬ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ স্থানীয় কর্তৃপক্ষ ১৬/০৪/২০১৮ ইং তারিখে প্রাথমিক জিজ্ঞাসাপত্র গ্রহণ করা সত্ত্বেও কোনো জবাব প্রদান করেনি।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব প্রদান না করায় আপত্তিটি সঠিক রয়েছে বলে প্রতীয়মান হয়।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে কর্পোরেশনের তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২২॥

শিরোনাম ঃ ইজারা গ্রহীতার নিকট থেকে আদায়কৃত ইজারা মূল্য হতে ৫ শতাংশ অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় সরকারের ৪৫,১১,৪৪৪/-(পঁয়তাল্লিশ লক্ষ এগারো হাজার চারশত চুয়াল্লিশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে ইজারা গ্রহীতার নিকট থেকে আদায়কৃত ইজারা মূল্য হতে ৫ শতাংশ অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় ৪৫,১১,৪৪৪/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

রংপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায়, বাজার শাখা ও সাধারণ শাখার ইজারা সংক্রান্ত নথি, বিল/ভাউচার ও অন্যান্য রেকর্ডপত্র যাচাইয়ান্তে পরিলক্ষিত হয় যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে জারীকৃত হাট বাজার ইজারা নীতিমালার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৯.৩.১ এর নির্দেশ অনুযায়ী কর্পোরেশনে অবস্থিত সকল হাট বাজার থেকে প্রাপ্ত ইজারা আয়ের ৫ শতাংশ অর্থ সেলামিসরূপ ইজারার টাকা আদায়ের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সরকারকে "৭-ভূমি রাজস্ব" খাতে প্রদান করতে হবে। যাহা এ ক্ষেত্রে পরিপালন করা হয়নি। ইজারা গ্রহীতার নিকট থেকে আদায়কৃত ইজারা মূল্য হতে ৫ শতাংশ অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় ৪৫,১১,৪৪৪/-টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -২২(ক-গ)]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে জারীকৃত হাট বাজার ইজারা নীতিমালার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৯.৩.১ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ বাজার শাখা জানান যে, আপত্তিকৃত অর্থ হিসাব শাখায় জমা আছে।

- সাধারণ শাখা জানান যে, সরকারি জল মহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ মোতাবেক "৭-ভূমি রাজস্ব" খাতে অর্থ জমা করার কোনো বিধান নাই।

নিরীক্ষা মন্তব্য ঃ ইজারা নীতিমালা অনুযায়ী আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক ছিল।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২৩॥

শিরোনাম ঃ অর্থ বছর সমাপনান্তে তামাদি রোধকল্পে অবৈধভাবে প্রকল্প তহবিল থেকে ২০,০৫,০০,০০০/- (বিশ কোটি পাঁচ লক্ষ) টাকা স্থানান্তর।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কার্যালয়ের ২০১৫-২০১৭ অর্থ বছরে অর্থ বছর সমাপনান্তে তামাদি রোধকল্পে অবৈধভাবে প্রকল্প তহবিল থেকে ২০,০৫,০০,০০০/- টাকা স্থানান্তর যাহা গুরুতর আর্থিক অনিয়ম।

রংপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায়, প্রকল্পের ক্যাশ বহি, অর্থ ছাড়ের আদেশ, প্রকৌশল শাখার আয় ও ব্যয় বিবরণী, Project Closure Report এবং ব্যাংক বিবরণী এবং প্রকল্পের বিপরীতে অর্থ অবমুক্তির আদেশ পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, আদেশের ক্রমিক নং ৫(৩) মোতাবেক ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০১৭ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। ফলে কর্তৃপক্ষ অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা দেয়ার শর্ত এড়ানোর উদ্দেশ্য প্রকল্প হিসাব হতে অন্য হিসাবে তহবিল স্থানান্তরপূর্বক ক্যাশ বহিতে খরচ প্রর্দশন করা হয়েছে। প্রকল্পের ব্যয় বিবরণী ও Closure Report এ সমস্ত প্রাপ্ত অর্থ খরচ হিসাবে প্রর্দশন করা হয়েছে। অর্থ বৎসর শেষে প্রকল্পের বিপরীতে ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান না করে অবৈধভাবে প্রকল্প তহবিল হতে ২০,০৫,০০,০০০/- টাকা অন্য তহবিলে স্থানান্তর করা হয়েছে, যাহা গুরুতর আর্থিক অনিয়ম [পরিশিষ্ট -২৩]।

অনিয়মের কারণ ঃ প্রকল্পের বিপরীতে অর্থ অবমুক্তি আদেশের ক্রমিক নং ৫(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, আপত্তিকৃত অর্থ জমা প্রদান করে অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে নিরীক্ষা অধিদপ্তরকে অবহিত করার কথা থাকলেও অদ্যাবধি অবহিত করা হয়নি।

২০১৫-২০১৭ অর্থ বছরের আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

অনুচ্ছেদ নং-২৪॥

শিরোনাম ঃ আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ১৮,৮৯,০৯,০১৫/- (আঠারো কোটি উননব্বই লক্ষ নয় হাজার পনেরো) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন সেবা/কাজের বিপরীতে আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ ১৮,৮৯,০৯,০১৫/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে।

গাজীপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষার সময় আয়-ব্যয় বিবরণী, ঠিকাদারী বিল রেজিস্টার (আয়কর ও ভ্যাট) এবং ক্যাশবুক যাচাইয়ে দেখা যায় যে, ঠিকাদারী প্রতিষ্ঠান, হাট-বাজার ইজারা মূল্য, রাস্তা কাটা ক্ষতিপূরণ, পত্রিকার বিজ্ঞাপন বিল, ট্রেড লাইসেন্স প্রদান/নবায়ন, অস্থায়ী হাটবাজার ইজারা মূল্য, ভবন নির্মাণ অনাপত্তি ফি, গণশৌচাগার ইজারা মূল্য, পানি সংযোগ ফি, ঠিকাদারী লাইসেন্স ফি, অফিস ভাড়া, স্থান ও স্থাপনা ভাড়া (দোকান ভাড়া), কমিউনিটি সেন্টার ভাড়া, ও রোড রোলার ভাড়ার বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং- ১৯৭-আইন/২০১১/৬১০-মূসক, তারিখ ঃ ২৯/০৬/২০১১ খ্রিঃ মোতাবেক কর্তনকৃত অর্থ ১৫ দিনের মধ্যে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-৬৩/মূসক২০১১,২৯/০৬/২০১১ মোতাবেক ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নকালে বিধি -১৮(ঙ) অনুযায়ী ১৫ শতাংশ হারে ভ্যাট আদায় ও সরকারি কোষাগারে জমা করতে হবে। এস আর ও নং- ২০১-আইন/২০১০/৫৫০-মূসক, তারিখ ঃ ১০/০৬/২০১০ খ্রিঃ মোতাবেক আদায়কৃত সকল ফি এর উপর ১৫ শতাংশ হারে ভ্যাট আদায় ও সরকারি কোষাগারে জমা করার নির্দেশনা রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড ও শিরোনাম অনুযায়ী বিভিন্ন সেবা প্রদানকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধকালে নির্ধারিত হারে উৎসে ভ্যাট কর্তনযোগ্য এবং এস আর ও নং-০৯-আইন/২০১১/৫৮৩-মূসক, তারিখঃ ০৯/০১/২০১১ খ্রিঃ মোতাবেক স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীর নিকট হতে ৯ শতাংশ হারে ভ্যাট আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় আদায়কৃত ভ্যাট বাবদ ১২,৭৬,৫৭,৭৫২/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ ও মূল্য সংযোজন কর বিধিমালা,১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন,১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাব ৬,১২,৫১,২৬৩/- টাকাসহ সর্বমোট ১৮,৮৯,০৯,০১৫/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট ২৪.১(ক-ঢ), ২৪.২(ক-ঙ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং- ১৯৭-আইন/২০১১/৬১০-মূসক, তারিখ ঃ ২৯/০৬/২০১১ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-৬৩/মূসক/২০১১, ২৯/০৬/২০১১ মোতাবেক ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নকালে বিধি -১৮(ঙ), এস আর ও নং- ২০১-আইন/২০১০/৫৫০-মূসক, তারিখ ঃ ১০/০৬/২০১০ খ্রিঃ, এস আর ও নং-০৯-আইন/২০১১/৫৮৩-মূসক, তারিখ ঃ ০৯/০১/২০১১ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, তহবিল স্বল্পতার কারণে আপত্তিকৃত ১৫ শতাংশ ভ্যাট জমা প্রদান করা সম্ভব হয়নি। উল্লিখিত টাকা দ্রুত জমা প্রদানের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।
২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৮/০২/২০১৭ খ্রিঃ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৫/০৪/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২১/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২৫॥

শিরোনাম ঃ আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ১০,৪২,৬৫,৭৪৪/- (দশ কোটি বিয়াল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার সাতশত চুয়াল্লিশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন সেবা/কাজের বিপরীতে আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ ১০,৪২,৬৫,৭৪৪/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

গাজীপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষার সময় আয়-ব্যয় বিবরণী, ঠিকাদারী বিল রেজিস্টার (আয়কর ও ভ্যাট) এবং ক্যাশবুক যাচাইয়ে দেখা যায় যে, ঠিকাদারী প্রতিষ্ঠান, হাট-বাজার ইজারা মূল্য, অস্থায়ী হাট-বাজার ইজারা মূল্য, গণশৌচাগার ইজারা মূল্য, অফিস ভাড়া, কমিউনিটি সেন্টার ভাড়া ও রোড রোলার ভাড়ার বিপরীতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২, বিধি-১৬ মোতাবেক বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে স্লাব অনুযায়ী আয়কর কর্তনযোগ্য এবং একই অধ্যাদেশ এর ধারা-৫৩(জে) মোতাবেক হাট-বাজার ও গণশৌচাগার এর ইজারা মূল্য, মেশিনারী অর্থাৎ রোড রোলার ভাড়া এবং ধারা-৫৩এ এর ব্যাখ্যা ও অর্থ আইন ২০১৪ মোতাবেক স্থান-স্থাপনা ভাড়ার বিপরীতে ৫ শতাংশ আয়কর আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় আদায়কৃত আয়কর বাবদ ৭,০৪,৫৫,৩৩৭/- টাকা এবং আদায়কৃত আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় এস আর ও নং ১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩ (তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক উৎসে কর্তিত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাবদ ৩,৩৮,১০,৪০৭/- টাকাসহ সর্বমোট ১০,৪২,৬৫,৭৪৪/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -২৫.১(ক- ছ), ২৫.২(ক -খ)]।

অনিয়মের কারণ ঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২ বিধি-১৬, ধারা ৫৩(এ), ধারা ৫৩(জে), ধারা ৫৭(এ),অর্থ আইন ২০১৪ এবং এস আর ও নং ১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, তহবিল স্বল্পতার কারণে আপত্তিকৃত টাকা জমা প্রদান করা সম্ভব হয়নি। উল্লিখিত টাকা দ্রুত আদায় করে জমা প্রদানের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব অন্তরবর্তীকালীন বিধায় গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হয়নি।

২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৮/০২/২০১৭ খ্রিঃ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৫/০৪/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২১/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২৬॥

শিরোনাম ঃ উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ২,৫২,৮২,০৩৭/- (দুই কোটি বায়ান্ন লক্ষ বিরাশি হাজার সাইত্রিশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন সেবা/কাজের বিপরীতে উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ ২,৫২,৮২,০৩৭/-টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

গাজীপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষার সময় আয়-ব্যয় বিবরণী ও উৎসে আয়কর কর্তন/আদায় সংক্রান্ত রেকর্ডপত্র যাচাইয়ে দেখা যায় যে, ট্রেড লাইসেন্স নবায়নকালে, পত্রিকার বিজ্ঞাপন বিল এবং স্থান ও স্থাপনা (দোকান) ভাড়ার বিপরীতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২, বিধি-১৬ মোতাবেক বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে স্লাব অনুযায়ী আয়কর কর্তনযোগ্য এবং একই অধ্যাদেশ এর ধারা-৫৩(জে) মোতাবেক হাট-বাজার ও গণশৌচাগার এর ইজারা মূল্য, মেশিনারী অর্থাৎ রোড রোলার ভাড়া এবং ধারা-৫৩এ এর ব্যাখ্যা ও অর্থ আইন ২০১৪ মোতাবেক স্থান-স্থাপনা ভাড়ার বিপরীতে ৫ শতাংশ উৎসে আয়কর কর্তন/আদায় না করায় উৎসে আয়কর বাবদ ১,৭০,৮২,৪৫৮/- টাকা এবং আদায়যোগ্য আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় এস আর ও নং ১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩ (তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক উৎসে কর্তিত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাবদ ৮১,৯৯,৫৭৯/- টাকাসহ সর্বমোট ২,৫২,৮২,০৩৭/-টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -২৬.১(ক-গ), ২৬.২]।

অনিয়মের কারণ ঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫২, বিধি-১৬ মোতাবেক বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে স্লাব অনুযায়ী আয়কর কর্তনযোগ্য এবং একই অধ্যাদেশ এর ধারা-৫৩(জে), ধারা-৫৩(এ), ধারা ৫৭ অর্থ আইন ২০১৪ এবং এস আর ও নং ১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ ট্রেড লাইসেন্স নবায়নকালে উৎসে আয়কর প্রদানে নাগরিকগণের চরম আপত্তি ও অনীহা থাকায় উল্লেখিত আয়কর আদায় করা সম্ভব হয়নি।

নিরীক্ষা মন্তব্য ঃ আয়কর বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় আয়কর বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৯/০৫/২০১৭ খ্রিঃ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২৭॥

শিরোনাম ঃ স্থায়ী ও অস্থায়ী হাট-বাজার ইজারা মূল্যের উপর ৫ শতাংশ ও ২০ শতাংশ অর্থ সেলামিস্বরূপ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় ৫০,৬৪,৯০২/- (পঞ্চাশ লক্ষ চৌষট্টি হাজার নয়শত দুই) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন,গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে স্থায়ী ও অস্থায়ী হাট-বাজার ইজারা মূল্যের উপর ৫ শতাংশ ও ২০ শতাংশ অর্থ সেলামিস্বরূপ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় ৫০,৬৪,৯০২/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

গাজীপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষার সময় হাট-বাজার ইজারা নথি, আদায় রেজিস্টার, ক্যাশবুক যাচাইয়ে দেখা যায় যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে জারীকৃত হাট বাজার ইজারা নীতিমালার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০. ০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের অনু: নং-৯.৩.১ এর নির্দেশ অনুযায়ী কর্পোরেশনে অবস্থিত সকল হাট বাজার থেকে প্রাপ্ত ইজারা আয়ের ৫ শতাংশ অর্থ সেলামিসরূপ ইজারার টাকা আদায়ের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সরকারকে "৭-ভূমি রাজস্ব" খাতে প্রদান করতে হবে। যাহা এ ক্ষেত্রে পরিপালন করা হয়নি। স্থায়ী ও অস্থায়ী হাট-বাজার ইজারা মূল্যের উপর ৫ শতাংশ ও ২০ শতাংশ অর্থ সেলামীস্বরূপ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় ৫০,৬৪,৯০২/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে [পরিশিষ্ট -(২৭.১-২৭.২)]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত হাট-বাজার ইজারা নীতিমালার অনুচ্ছেদ-৯.৩.১ এবং অনুচ্ছেদ-১০.২ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে,তহবিল স্বল্পতার কারণে উল্লিখিত ৫ শতাংশ হারে অর্থ "৭-ভূমি রাজস্ব" জমা প্রদান করা সম্ভব হয়নি। উল্লিখিত টাকা দ্রুত আদায় করে জমা প্রদানের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ স্থায়ী ও অস্থায়ী হাট-বাজার ইজারা মূল্যের উপর ৫ শতাংশ ও ২০ শতাংশ অর্থ যথাসময়ে "৭-ভূমি রাজস্ব" খাতে জমা প্রদান করা আবশ্যক ছিল।

২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৯/০৫/২০১৭ খ্রিঃ ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা "৭-ভূমি রাজস্ব" খাতে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২৮॥

শিরোনাম ঃ সাইনবোর্ডের উপর আরোপিত বিজ্ঞাপন ফি হতে ১৫ শতাংশ হারে ভ্যাট আদায় ও জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ২৮,১৪,২০৭/- (আটাশ লক্ষ চৌদ্দ হাজার দুইশত সাত) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরে সাইনবোর্ডের উপর আরোপিত বিজ্ঞাপন ফি হতে ১৫ শতাংশ হারে ভ্যাট আদায় ও জমা না করায় দন্ডসুদসহ ২৮,১৪,২০৭/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

গাজীপুর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় বিজ্ঞাপন ফি আদায় ও জমা সংক্রান্ত রেকর্ডপত্রাদি যাচাইকালে দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-১২/মূসক/২০১৫, তারিখ ঃ ০১/০৭/২০১৫ খ্রিঃ মোতাবেক সাইনবোর্ডের উপর আরোপিত বিজ্ঞাপন ফি হতে ১৫ শতাংশ হারে ভ্যাট বাবদ ১৯,০১,৪৯১/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ ও মূল্য সংযোজন কর বিধিমালা,১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন,১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় দন্ডসুদ বাবদ ৯,১২,৭১৬/- টাকাসহ সর্বমোট ২৮,১৪,২০৭/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -২৮]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-১২/মূসক/২০১৫, তারিখ ঃ ০১/০৭/২০১৫ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, তহবিল স্বল্পতার কারণে জমা প্রদান করা সম্ভব হয়নি। যাহা দ্রুত সময়ে জমা প্রদান করা হইবে।

নিরীক্ষা মন্তব্য ঃ স্থানীয় অফিস ভ্যাট বাবদ অর্থ জমা দানের কথা বলা অদ্যাবধি জমা দানের প্রমাণক প্রেরণ করা হয়নি। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৬ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

অনুচ্ছেদ নং-২৯॥

শিরোনাম ঃ আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ১,৬০,৬৯,১৭২/- (এক কোটি ষাট লক্ষ উনসত্তর হাজার একশত বাহাত্তর) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ আর্থ বছরে বিভিন্ন সেবার/কাজের বিপরীতে আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ ১,৬০,৬৯,১৭২/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

সিলেট সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় প্রকৌশল শাখার রোড কাটিং ফি আদায় রেজিস্টার, ঠিকাদারী ও ট্রেড লাইসেন্স শাখার ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন নথি, রেজিস্টার, বিল/ভাউচার, বিবরণী ও অন্যান্য রের্কড পত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, রোড কাটিং ফি এর বিপরীতে, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ স্মারক নং-০৩/মুসক/২০১৪ তারিখ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং- ০৪ এর বরাতে বিধি-১৮(ঙ) অনুসারে উৎসে ভ্যাট কর্তন, মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি অনুসারে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ রয়্যালটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট কর্তনযোগ্য। তাছাড়াও জ্বালানি তেলের বিলের উপর ৫ শতাংশ হারে এবং প্রত্রিকার বিজ্ঞাপন বিলের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট কর্তনযোগ্য। ভ্যাট বাবদ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা যোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-৭(৪) মূসক-আইন ও বিধি/২০১১/৩১(২) তারিখ ঃ ১৬/০১/২০১৪ খ্রিঃ এর বিধান মোতাবেক, মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি -১৮(ঙ) অনুযায়ী সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন ধরনের লাইসেন্স, পারমিট, রেজিস্ট্রেশন ইত্যাদির বিপরীতে যে কমিশন, চার্জ, ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট প্রযোজ্য। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড ও শিরোনাম অনুযায়ী বিভিন্ন সেবা প্রদানকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধে নির্ধারিত হারে ভ্যাট প্রযোজ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় আদায়কৃত ভ্যাট বাবদ ১,০৮,৫৭,৫৪৮/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর বিধিমালা-১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ বাবদ ৫২,১১,৬২৪/- টাকাসহ সর্বমোট ১,৬০,৬৯,১৭২/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -২৯.১(ক-গ) ২৯.২]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ স্মারক নং-০৩/মুসক/২০১৪ তারিখ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং- ০৪ এর বরাতে বিধি-১৮(ঙ) অনুসারে উৎসে ভ্যাট কর্তন, জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-৭(৪) মূসক-আইন ও বিধি/২০১১/৩১(২) তারিখ ঃ ১৬/০১/২০১৪ খ্রিঃ, মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি -১৮(ঙ), জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৬, তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ, মূল্য সংযোজন কর বিধিমালা-১৯৯১ এর বিধি-১৮খ(১) এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণক প্রেরণ করা হবে। ঠিকাদারী লাইসেন্স ইস্যু ক্ষেত্রে জানানো হয় যে, রিপোর্ট পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য । উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৯/১১/২০১৭ খ্রিঃ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৫/০২/২০১৮ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩০॥

শিরোনাম ঃ উৎসে ভ্যাট আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ১,৭৪,৪০,১৩৯/- (এক কোটি চুয়াত্তর লক্ষ চল্লিশ হাজার একশত ঊনচল্লিশ) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন কাজের/সেবার বিপরীতে উৎসে ভ্যাট আদায় না করায় দন্ডসুদসহ ১,৭৪,৪০,১৩৯/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

সিলেট সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় প্রকৌশল শাখার রোড কাটিং ফি আদায় রেজিস্টার, ঠিকাদারী ও ট্রেড লাইসেন্স শাখার ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন নথি, রেজিস্টার, বিল/ভাউচার, বিবরণী ও অন্যান্য রের্কড পত্র, হাট-বাজার ইজারা গ্রহীতার নিকট থেকে ইজারা মূল্যের উপর, বিভিন্ন ভাড়া, ফি ও বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের বিজ্ঞাপন করের বিপরীতে এবং বিভিন্ন সেবা সরবরাহকারীর নিকট হতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪ এর বিধান মোতাবেক দরপত্রদাতা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে। জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬৮-আইন/১০৩/৬৭২-মূসক তারিখ ঃ ০৬/০২/২০১৩ খ্রিঃ মোতাবেক সেবার কোড নং ঝ০২১.০০ অনুযায়ী প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা অর্থের বিনিময়ে কোনো প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি অন্য কোন ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থাকে ব্যবহারের সুযোগ প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান কর্তৃক ১৫ শতাংশ হারে ভ্যাট আদায়পূর্বক সরকারি কোষাগারে জমার বিধান রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ স্মারক নং-০৩/মুসক/২০১৪ তারিখ ০৫.০৬.২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং-০৪ এর বরাতে বিধি -১৮(ঙ) অনুসারে উৎসে ভ্যাট কর্তন, মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি অনুসারে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট কর্তনযোগ্য। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর এস,আর, ও নং -১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক তারিখ ঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪২০ বঙ্গাব্দ ০৬/০৬/২০১৩খ্রিঃ সেবার কোড নং ঝ০০৭.০০ মোতাবেক বিজ্ঞাপনী সংস্থা হতে প্রাপ্ত করের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট প্রযোজ্য। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ আদেশ নং-২৫/মূসক/২০১৩ তারিখ ঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ মোতাবেক বিজ্ঞাপনী সংস্থা হতে প্রাপ্ত করের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট প্রযোজ্য। এ্যাসেসর শাখা কর্তৃক এ্যাসেসমেন্ট করে কোন কোম্পানীর কতগুলি টাওয়ার স্থাপন করা হয়েছে তার সুনির্দিষ্ট কোন রেকর্ড নাই। কোম্পানীসমূহও তাদের স্থাপিত টাওয়ার সংখ্যা ও বার্ষিক ভাড়ার রেকর্ডপত্র সরবরাহ না করার ফলে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৮০/আইন/২০১৬/৭৫৬- মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এবং ০২/০৬/১৬ তারিখের স্মারক নং-এস আর ও নং-১৮০/আইন/২০১৬/৭৫৬ মূসক তারিখের নির্দেশ অনুযায়ী ভ্যাট কর্তন করার নির্দেশ রয়েছে এক্ষেত্রে তা পরিপালন না করায় নির্ধারিত হারে আদায়যোগ্য ভ্যাট বাবদ ১,১৭,৮৩,৮৭৮/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি -১৮খ(১) মোতাবেক উৎসে কর্তণকৃত ভ্যাট ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ বাবদ ৫৬,৫৬,২৬১/- টাকাসহ সর্বমোট ১,৭৪,৪০,১৩৯/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -৩০.১(ক-জ), ৩০.২(ক-ঝ)]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬৮-আইন/১০৩/৬৭২-মূসক তারিখ ঃ ০৬/০২/২০১৩ খ্রিঃ মোতাবেক সেবার কোড নং S০২১.০০, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ স্মারক নং-০৩/মুসক/২০১৪ তারিখ ০৫.০৬.২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং-০৪ এর বরাতে বিধি -১৮(ঙ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর এস,আর, ও নং -১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক তারিখ ঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪২০ বঙ্গাব্দ ০৬/০৬/২০১৩খ্রিঃ সেবার কোড নং ঝ০০৭.০০, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ আদেশ নং-২৫/মূসক/২০১৩ তারিখঃ ০৬/০৬/২০১৩

খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং- ১৮০/আইন/২০১৬/৭৫৬- মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-এস আর ও নং-১৮০/আইন/২০১৬/৭৫৬ তারিখঃ ০২/০৬/১৬ খ্রিঃ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি -১৮খ(১) এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ এ্যাসেসর শাখা ১৭/০৫/২০১৮ ইং তারিখে নিরীক্ষা জিজ্ঞাসাপত্র গ্রহণ করলেও কোনো জবাব প্রদান করেনি।

- প্রকৌশল শাখা জানায় যে, আপত্তিটি পর্যালোচনাপূর্বক পরবর্তীতে ব্যবস্থা নেওয়া হবে।
- আয়কর শাখা জানায় যে, ভ্যাট বাবদ অর্থ সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণক প্রেরণ করা হবে।
- বিজ্ঞাপন শাখা জানায় যে, আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে এবং অডিট অধিদপ্তরকে অবহিত করা হবে।
- হিসাব শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণক প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য । উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৯/০৫/২০১৭ খ্রিঃ এবং ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৭ খ্রিঃ এবং ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৩/০৯/২০১৭ খ্রিঃ এবং ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩১॥

শিরোনাম ঃ উৎসে আয়কর কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৭৬,৫৬,৪৫৬/- (ছিয়াত্তর লক্ষ ছাপ্পান্ন হাজার চারশত ছাপ্পান্ন) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন কাজের/সেবার বিপরীতে উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ ৭৬,৫৬,৪৫৬/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

সিলেট সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় প্রকৌশল শাখার রোড কাটিং ফি আদায় রেজিস্টার, ঠিকাদারী ও ট্রেড লাইসেন্স শাখার ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন নথি, রেজিস্টার, বিল/ভাউচার, বিবরণী ও অন্যান্য রের্কড, হাট-বাজার ইজারা গ্রহীতার নিকট থেকে ইজারা মূল্যের উপর এবং বিভিন্ন ভাড়া ও বিভিন্ন বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের বিজ্ঞাপন কর ও ভাড়ার বিপরীতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪ এর বিধান মোতাবেক দরপত্রদাতা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের উপর ৫ শতাংশ হারে আয়কর বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ (জে) মোতাবেক মেশিনারী, যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি ভাড়ার বিপরীতে ৫ শতাংশ হারে আয়কর প্রযোজ্য। কর্পোরেশন এলাকায় ০৭ (সাত) টি মোবাইল কোম্পানীর টাওয়ার রয়েছে। ট্যাক্স নির্ধারণ শাখার এ্যাসেসর কর্তৃক কর্পোরেশন এলাকায় কয়টি মোবাইল টাওয়ার রয়েছে তার সুনির্দিষ্ট কোনো হিসাব নেই। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ (জে) মোতাবেক সম্পাদিত চুক্তি মূল্যের উপর ৫ শতাংশ হারে আয়কর প্রযোজ্য, যা এক্ষেত্রে প্রতিপালন করা হয়নি। এ্যাসেসর শাখা কর্তৃক এ্যাসেসমেন্ট করে কোন কোম্পানীর কতগুলি টাওয়ার স্থাপন করা হয়েছে তার সুনির্দিষ্ট কোন রেকর্ড নেই। কোম্পানীসমূহও তাদের স্থাপিত টাওয়ার সংখ্যা ও বার্ষিক ভাড়ার রেকর্ডপত্র সরবরাহ না করার ফলে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০০৩.২০১২.৪৮ তারিখ ঃ ০১/০৭/২০১২ খ্রিঃ অনুযায়ী সিলেট সিটি কর্পোরেশনের জন্য ৩০০/- টাকা হারে আয়কর আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় আয়কর বাবদ ৫১,৭৩,২৮১/- টাকা এবং আদায়যোগ্য আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ মোতাবেক উৎসে আয়কর কর্তনের ০৩(তিন) সপ্তাহের মধ্যে সরকারি কোষাগারে জমার এবং আয়কর অধ্যাদেশে,১৯৮৪ এর ধারা-৫৭ মোতাবেক উৎসে কর্তিত আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থতায় মাসিক ২ শতাংশ হারে অতিরিক্ত টাকা দায়ী ব্যক্তির নিকট হতে আদায়ের বিধান থাকায় আপত্তিকৃত টাকা আদায়যোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ বাবদ ২৪,৮৩,১৭৫/- টাকাসহ সর্বমোট ৭৬,৫৬,৪৫৬/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -৩১ (ক-ঘ)]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩.৪, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ (জে), জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০০৩.২০১২.৪৮ তারিখ ঃ ০১/০৭/২০১২ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ এবং আয়কর অধ্যাদেশে,১৯৮৪ এর ধারা-৫৭ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ এ্যাসেসর শাখা ১৭/০৫/২০১৮ ইং তারিখে নিরীক্ষা জিজ্ঞাসাপত্র গ্রহণ করলেও কোনো জবাব প্রদান করেনি।

- হিসাব শাখা জানায় যে, আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণক প্রেরণ করা হবে।
- প্রকৌশল শাখা জানায় যে,আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আয়কর বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় আয়কর বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য । উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।
২০১৬-২০১৭ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।
নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩২॥

শিরোনাম ঃ মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের ৩৫,২৮,৬৮৬/- (পঁয়ত্রিশ লক্ষ আঠাশ হাজার ছয়শত ছিয়াশি) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরে সিলেট সিটি কর্পোরেশন (এসসিসি'র) এর আওতাধীন বিভিন্ন বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের ভাড়ার প্রাপ্য অংশ আদায় না করায় কর্পোরেশনের ৩৫,২৮,৬৮৬/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

সিলেট সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় এ্যাসেসর শাখা কর্তৃক গ্রামীণ ফোন, টেলিটক, কিউবি, এয়ারটেল, সিটিসেল ও বাংলালিংক এর সহিত বিভিন্ন বেসরকারি ভবনের মালিকদের চুক্তির কপি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তারিখ ঃ ১৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ ২৮/০১/২০১৬ খ্রিঃ এস আর ও নং-১৩-আইন/২০১৬ এর বিধান অনুযায়ী চুক্তিতে বর্ণিত ভাড়ার ছয় ভাগের এক ভাগ কর হিসাবে আদায়যোগ্য হবে। এ্যাসেসর শাখা কর্তৃক এ্যাসেসমেন্ট করে কোন কোম্পানীর কতগুলি টাওয়ার স্থাপন করা হয়েছে তার সুনির্দিষ্ট কোন রেকর্ড নাই। রবি কোম্পানীর কোন রের্কডপত্র কর্পোরেশনের নিকট নাই। বিস্তারিত পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, কর্পোরেশন এলাকায় ০৭ (সাত)টি মোবাইল কোম্পানীর টাওয়ার রয়েছে। ট্যাক্স নির্ধারণ শাখার এ্যাসেসর কর্তৃক কর্পোরেশন এলাকায় কয়টি মোবাইল টাওয়ার রয়েছে তার সুনিদিষ্ট কোনো হিসাব নাই। কোম্পানী সমূহ তাহাদের স্থাপিত টাওয়ার সংখ্যা ও বাৎসরিক ভাড়ার রেকর্ডপত্র সরবরাহ না করার ফলে এসসিসি'র আওতাধীন বিভিন্ন বেসরকারি ভবনের ছাদে স্থাপিত মোবাইল টাওয়ারের ভাড়ার প্রাপ্য অংশ আদায় না করায় কর্পোরেশনের ৩৫,২৮,৬৮৬/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [পরিশিষ্ট -৩২]।

অনিয়মের কারণ ঃ সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তারিখ ঃ ১৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ ২৮/০১/২০১৬ খ্রিঃ এস আর ও নং-১৩-আইন/২০১৬ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ স্থানীয় কর্তৃপক্ষ ১৭/০৫/২০১৮ ইং তারিখে প্রাথমিক জিজ্ঞাসাপত্র গ্রহণ করা সত্ত্বেও কোনো জবাব প্রদান করেনি।

নিরীক্ষা মন্তব্য ঃ জবাব প্রদান না করায় আপত্তিটি সঠিক রয়েছে বলে প্রতীয়মান হয়।

২০১৬-২০১৭ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা

অনুচ্ছেদ নং-৩৩॥

শিরোনাম ঃ উৎসে ভ্যাট কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৩১,৮৯,২৭২/- (একত্রিশ লক্ষ উননব্বই হাজার দুইশত বাহাত্তর) টাকা ।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরে বিভিন্ন কাজের/সেবার বিপরীতে উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ ৩১,৮৯,২৭২/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

কুমিল্লা সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে রাজস্ব তহবিলের ক্যাশবহি, দোকান ভাড়া আদায়ের রেজিস্টার , রশিদ বহি ও সংযুক্ত অন্যান্য রেকর্ডপত্র এবং দোকান সেলামীর রেজিস্টার পর্যবেক্ষনে দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩ মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক স্থান ও স্থাপনার ভাড়া গ্রহণের ক্ষেত্রে আদায়কৃত অর্থের উপর ৯ শতাংশ হারে মূসক আদায় করে সরকারি কোষাগারে জমার বিধান রয়েছে। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮(ঙ) অনুসারে ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে ভ্যাট কর্তন করার আদেশ রয়েছে এক্ষেত্রে তা পরিপালন না করায় ভ্যাট বাবদ ২১,৫৪,৯১৪/- টাকা এবং আদায়কৃত ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি -১৮খ(১) মোতাবেক উৎসে কর্তণকৃত ভ্যাট ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান থাকায় আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ বাবদ ১০,৩৪,৩৫৮/- টাকাসহ সর্বমোট ৩১,৮৯,২৭২/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট - ৩৩(ক-খ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩ মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮(ঙ), বিধি -১৮খ(১) এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জানানো হয় যে, এ বিষয়ে সরকারিভাবে কোন গেজেট প্রাপ্ত হয় নাই। পরবর্তীতে অডিটের পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে যথাযথ খাতে জমাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল কিন্তু তা না করায় মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য । উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৬ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হলেও অদ্যবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা

অনুচ্ছেদ নং-৩৪॥

শিরোনাম ঃ কোরবানির অস্থায়ী পশুরহাটের ইজারালব্ধ আয় হতে ২০ শতাংশ অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমা না দেয়ায় সরকারের ১,১৮,০৩,৫১৪/- (এক কোটি আঠারো লক্ষ তিন হাজার পাঁচশত চৌদ্দ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরে কোরবানির অস্থায়ী পশুরহাটের ইজারালব্ধ আয় হতে ২০ শতাংশ অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমা না দেয়ায় ১,১৮,০৩,৫১৪/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় সম্পত্তি বিভাগের ইজারা সংক্রান্ত নথি,আয়কর ও ভ্যাট জমার চালানপত্র এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ মোতাবেক ইজারালব্ধ অর্থ হতে ঈদ বা অন্য কোন বিশেষ উপলক্ষে অস্থায়ী হাট বাজার হলে অনুঃ ১০.২ মোতাবেক ২০ শতাংশ অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করার বিধান রয়েছে। কিন্তু এক্ষেত্রে অস্থায়ী হাট বাজারের ইজারালব্ধ আয় হতে ২০ শতাংশ অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা প্রদান করা হয়নি। ফলে সরকারের ১,১৮,০৩,৫১৪/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে [পরিশিষ্ট -৩৪]।

অনিয়মের কারণ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ঃ ২১/০৯/২০১১ খ্রিঃ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ এ বিষয়ে পরবর্তীতে কার্যকরী ব্যবস্থা গ্রহণপূর্বক নিরীক্ষাকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ স্থানীয় কর্তৃপক্ষের প্রতিশ্রুতি মোতাবেক যথাশীঘ্র সম্ভব অস্থায়ী হাট বাজারের ইজারালব্ধ আয় হতে ২০ শতাংশ অর্থ সংশ্লিষ্ট খাতে জমা দেয়া আবশ্যক।

২০১৫-২০১৬ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৬/০৯/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ০৫/১১/২০১৭ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলে ও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে "৭-ভূমি রাজস্ব খাতে" জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩৫॥

শিরোনাম ঃ উৎসে ভ্যাট কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ১৮,৬২,৭৪,৮৪১/- (আঠারো কোটি বাষট্টি লক্ষ চুয়াত্তর হাজার আটশত একচল্লিশ) টাকা ।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরে বিভিন্ন কাজের/সেবার বিপরীতে উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ ১৮,৬২,৭৪,৮৪১/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় বিভিন্ন অঞ্চলের প্রকৌশল শাখার রোড কাটিং ফি আদায় সংক্রান্ত নথি, ভ্যাট জমার চালানপত্র এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্র, বিভিন্ন অঞ্চলের ট্রেড লাইসেন্স শাখার ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত নথি, বাজার শাখার সেলামি আদায় সংক্রান্ত রেজিস্টার ও তৎসংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্র, মোহাম্মদপুর টাউন হলো মিলনায়তন কাম শপিং কমপ্লেক্স, মিরপুর ৪ নম্বর ওয়ার্ড মার্কেট, শহীদ পার্ক মসজিদ মার্কেট এর সেলামী বাবদ প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪ তারিখ ০৫/০৬/২০১৪খ্রি. এর অনুঃ ৪ মোতাবেক সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমূদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে উৎসে মূসক আদায় করার নির্দেশনা রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক তারিখঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক সেবার কোড নং- এস ০৩৩.০০ এর আওতাধীন এবং এস আর ও নং ১৮০-আইন/২০১৬/৭৫৬-মূসক তারিখঃ ২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড এস ০৩৩.০০ মোতাবেক ইজারাদার অর্থ পণের বিনিময়ে কোন স্থান স্থাপনার অথবা কোন স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল ফি, হাসিল বা খাস গ্রহণকারী ও ইহার অন্তর্ভুক্ত হইবে। ডিএনসিসি বিভিন্ন মার্কেট নির্মাণের বিপরীতে বাজার সেলামি গ্রহণ করে বিধায় এক্ষেত্রে সরকার নির্ধারিত ১৫ শতাংশ হারে মূল্য সংযোজন কর সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় ভ্যাট বাবদ ১২,৫৮,৫৯,২১৯/- টাকা এবং আদায়যোগ্য ভ্যাট যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) মোতাবেক উৎসে কর্তনকৃত ভ্যাট ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) মোতাবেক উৎসে কর্তনের পর সরকারি খাতে যথাসময়ে ভ্যাট জমা প্রদান করা না হলে কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানের দায়িত্বে থাকা ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদ আদায়ের বিধান করা হয় বিধায় আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় দন্ডসুদ বাবদ ৬,০৪,১৫,৬২২/- টাকাসহ সর্বমোট ১৮,৬২,৭৪,৮৪১/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট -৩৫(ক-গ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪ তারিখ ০৫/০৬/২০১৪খ্রি. এর অনুঃ ৪, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক তারিখঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক সেবার কোড নং- এস ০৩৩.০০, এস আর ও নং ১৮০-আইন/২০১৬/৭৫৬-মূসক তারিখ ঃ ২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড এস ০৩৩.০০, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) এবং মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময় জানানো হয় যে, সংশ্লিষ্ট বিভাগের সহিত যোগাযোগ করে পরবর্তীতে বিস্তারিত জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ ভ্যাট বাবদ অর্থ কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের আবশ্যকতা ছিল। কিন্তু তা না করায় মূসক বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০১৫-২০১৬ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৬/০৯/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ০৫/১১/২০১৭ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩৬॥

শিরোনাম ঃ উৎসে আয়কর কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি ৬,১৩,৫৪,০৯২/- (ছয় কোটি তেরো লক্ষ চুয়ান্ন হাজার বিরানব্বই) টাকা।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের বিভিন্ন কাজের/সেবার বিপরীতে উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ ৬,১৩,৫৪,০৯২/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় বিভিন্ন অঞ্চলের ট্রেড লাইসেন্স নবায়নের ৫০০/- টাকা হারে আয়কর,মহাখালী বাস টার্মিনালের খাস আদায়কৃত অর্থের (খাস আদায় জনিত খরচ বাদে), মোহাম্মদপুর টাউন হলো মিলনায়তন কাম শপিং কমপ্লেক্স, মিরপুর ৪ নম্বর ওয়ার্ড মার্কেট, শহীদ পার্ক মসজিদ মার্কেট এর সেলামি বাবদ প্রাপ্ত অর্থ এবং কমিউনিটি সেন্টার এর হল ভাড়ার আদায় সংক্রান্ত রেজিস্টার ও তৎসংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং জারাবো নথি নং-০৮.০১.০০০০০.৩০.০৩.০০০.২০১২/৪৮ তারিখ ঃ ০১/০৭/২০১২ খ্রিঃ অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ কে এবং ১৮৪এ(বি) সংশোধনী এর বিধান অনুযায়ী ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) লাইসেন্স নবায়নকালে ৫০০/- টাকা হারে আয়কর আদায় প্রযোজ্য হবে । স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ,প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০. ০০২.২০১১.৮৭০ তারিখ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ ৪.৮ মোতাবেক খাস আদায়ের ক্ষেত্রে আদায়কৃত অর্থ হতে (খাস আদায়জনিত খরচ বাদে) ৫ শতাংশ হারে আয়কর সরকারি কোষাগারে জমা করার বিধান রয়েছে। কিন্তু এক্ষেত্রে ৭/১৫ হতে ৬/১৬ পর্যন্ত আদায়কৃত খাসের অর্থ (খাস আদায়জনিত খরচ বাদে) ১,৭৫,১৮,২০০/- টাকার উপর ৫ শতাংশ হারে আয়কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সেকশন ৫৩/সি মোতাবেক বাজার সেলামি বাবদ প্রাপ্ত টাকার উপর আয়কর কর্তন ও সরকারি কোষাগারে জমা করার বিধান রয়েছে । ডিএনসিসি বিভিন্ন মার্কেট নির্মাণের বিপরীতে বাজার সেলামি গ্রহণ করে বিধায় এক্ষেত্রে সরকার নির্ধারিত ৫ শতাংশ হারে আয়কর সরকারি কোষাগারে জমাযোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডের ২৯/০৭/২০১২ তারিখের ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১২ আদেশ মোতাবেক এবং আয়কর অধ্যদেশ, ১৯৮৪ সালের ৫২(পি) ধারা মোতাবেক কনভেনশন হল, কনভেনশন সেন্টার, কক্ষ বা যে কোন নামে ব্যবহৃত হল, হোটেল, কমিউনিটি সেন্টার ভাড়ার ক্ষেত্রে ৫ শতাংশ হারে আয়কর কর্তন প্রযোজ্য এক্ষেত্রে তা পরিপালন না করায় উৎসে আয়কর বাবদ ৪,১৪,৫৫,৪৬৭/- টাকা এবং আদায়যোগ্য আয়কর যথাসময়ে সরকারি খাতে জমা প্রদান না করায় দন্ডসুদ বাবদ ১,৯৮,৯৮,৬২৫/- টাকাসহ সর্বমোট ৬,১৩,৫৪,০৯২/- টাকা সরকারের আর্থিক ক্ষতিসাধিত হয়েছে [পরিশিষ্ট - ৩৬ (ক-ঘ)]।

অনিয়মের কারণ ঃ জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং জারাবো নথি নং-০৮.০১.০০০০০.৩০.০৩.০০০. ২০১২/৪৮ তারিখ ঃ ০১/০৭/২০১২ খ্রিঃ অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ কে এবং ১৮৪এ(বি) সংশোধনী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ,প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১. ০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ২১/০৯/২০১১ খ্রিঃ এর অনুচ্ছেদ ৪.৮, আয়কর অধ্যাদেশ, জাতীয় রাজস্ব বোর্ডের ৯/০৭/২০১২ তারিখের ০৮.০১.০০০০.০২৭. ০৯.০০১.১২ আদেশ মোতাবেক এবং আয়কর অধ্যদেশ, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং -১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখ ঃ ২৮/০৬/২০০৭ খ্রিঃ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(পি), সেকশন ৫৩(সি) এবং ধারা-৫৭ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ সংশ্লিষ্ট বিভাগের সহিত যোগাযোগ করে পরবর্তীতে বিস্তারিত জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ ট্রেড লাইসেন্স নবায়নকালে প্রাপ্ত অর্থের উপর উৎসে কর বাবদ আপত্তিকৃত টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক এবং তা সরকারি কোষাগারে জমার সঠিকতা যাচাইয়ের আবশ্যকতা ছিল। কিন্তু তা না করায় আয়কর বিধি মোতাবেক দায়িত্বরত ব্যক্তির নিকট হতে মাসিক ২ শতাংশ হারে দন্ডসুদসহ জমা/আদায়যোগ্য । উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম ও ৫০তম বৈঠকে আলোচিত হয় এবং উক্ত আলোচনায় অনুরূপ আপত্তির ক্ষেত্রে টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০১৫-২০১৬ অর্থ বছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৬/০৯/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ০৫/১১/২০১৭ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩৭॥

শিরোনাম ঃ সিএনজি ফিলিং স্টেশন না হওয়া সত্ত্বেও পৌর ফিলিং স্টেশন হতে সিএনজি ক্রয় বাবদ ১,১৩,১৪,৯৭৫/- (এক কোটি তের লক্ষ চৌদ্দ হাজার নয়শত পঁচাত্তর) টাকা ব্যয়।

বিবরণ ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরে সিএনজি ফিলিং স্টেশন না হওয়া সত্ত্বেও পৌর ফিলিং স্টেশন হতে সিএনজি ক্রয় বাবদ ১,১৩,১৪,৯৭৫/- টাকা ব্যয় যা সরকারের আর্থিক ক্ষতি।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষায় পরিবহন শাখার জ্বালানি ক্রয় সংক্রান্ত রেজিস্টার ও তৎসংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পৌর ফিলিং স্টেশন, ৮/৬- বি সায়েদাবাদ, ঢাকা যমুনা ওয়েল কোম্পানির ডিলার এবং প্যাডে পেট্রোল, অকটেন, ডিজেল ইত্যাদি সরবরাহকারী প্রতিষ্ঠান হলেও উক্ত ফিলিং স্টেশন হতে সিএনজি ক্রয় বাবদ ১,১৩,১৪,৯৭৫/- টাকা ব্যয় করা হয়। আলোচ্য ক্ষেত্রে সিএনজি ফিলিং স্টেশন না হওয়া সত্ত্বেও সিএনজি সরবরাহ দেখিয়ে ১,১৩,১৪,৯৭৫/- টাকা ব্যয় করা হয় [পরিশিষ্ট -৩৭]।

অনিয়মের কারণ ঃ সিএনজি ফিলিং স্টেশন না হওয়া সত্ত্বেও উক্ত প্রতিষ্ঠান হতে সিএনজি সরবরাহের বিষয়টি নিয়মের ব্যতিক্রম।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষাকালীন সময়ে জানানো হয় যে, প্রতিবেদন প্রাপ্তির পর বিস্তারিত জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ সিএনজি ফিলিং স্টেশন না হওয়া সত্ত্বেও উক্ত প্রতিষ্ঠান হতে সিএনজি সরবরাহের বিষয়টি নিরীক্ষার বোধগম্য নয়।

২০১৫-২০১৬ অর্থবছরে আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৬/০৯/২০১৭ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ০৫/১১/২০১৭ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখে আধা-সরকারিপত্র জারি করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে কর্পোরেশনের তহবিলে জমা করা আবশ্যক।

তারিখ ঃ ——————— বঙ্গাব্দ
——————— খ্রিষ্টাব্দ।

26/10/22
মহাপরিচালক
স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর।

শেখ মোহাম্মদ ওমর ফারুক
মহাপরিচালক
স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ এর নিয়ন্ত্রণাধীন ০৮টি সিটি কর্পোরেশন এর ২০১৫-২০১৭ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

(পরিশিষ্টসমূহ)

রিপোর্ট নম্বর ঃ ৩০/২০২১

সূচীপত্র

দ্বিতীয় অংশ (পরিশিষ্টসমূহ)		
ক্রমিক নম্বর	**বিবরণ**	**পৃষ্ঠা নম্বর**
৭.	অডিট অনুচ্ছেদসমূহের সার সংক্ষেপ	**vii-viii**
৮.	পরিশিষ্টসমূহ	**১-৫৮৩**

দ্বিতীয় অংশ

অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

(১) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	পরিশিষ্ট নম্বর	জড়িত (টাকা)
৩৮	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১	২,৩২,২৬,৭৯৪/-
৩৯	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২	৭৭,৪২,২৬৬/-
৪০	উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩	৯,১৫,৪৫,৮৭৮/-
৪১	উৎসে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৪	২,৭৫,৯৩,৩৩০/-
৪২	পৌর ফিলিং স্টেশনের ভাড়া/ইজারা আদায় না হওয়ায় সিটি কর্পোরেশনের আর্থিক ক্ষতি	৫(ক-খ)	২,৩১,১৪,০০০/-
৪৩	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি।	৬	১৬,০৮,৫০,০০০/-
৪৪	ঠিকাদারের নিকট হতে এ্যাসফল্ট হায়ার চার্জ আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি	৭(ক-খ)	৩,৪৬,৬৫,৮৪৮/-
	উপমোট=		**৩৬,৮৭,৩৮,১১৬/-**
	(২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম		
৪৫	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৮.১(ক-খ), ৮.২(ক-গ)	৬,৩৮,৬৩,৬৫০/-
৪৬	উৎসে ভ্যাট কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৯ (ক-চ)	২,৭৮,৪৪,৬৭১/-
৪৭	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১০.১(ক-খ), ১০.২(ক-খ)	৩,২০,১৭,০৬৭/-
৪৮	মূলধনী যন্ত্রপাতি ভাড়া ও ঠিকাদারী বিল হতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি	১১(ক-খ)	১,১১,১৯,৫৩৫/-
৪৯	সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে অবসর গ্রহণের পর প্রাপ্যের অতিরিক্ত গ্রাচুইটি মঞ্জুরি প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি	১২	৫,৮১,০৭,৬৭৪/-
৫০	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি।	১৩	৬৪,৮৯,৩৭০/-
	উপমোট=		**১৯,৯৪,৪১,৯৬৭/-**
	(৩) খুলনা সিটি কর্পোরেশন, খুলনা		
৫১	এ্যাসফল্টপ্লান্ট ভাড়ার বিপরীতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট আদায় এবং ভ্যাট কম আদায় করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	১৪	৩৯,২০,০২১/-
৫২	উৎসে ভ্যাট কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	১৫ (ক-ঙ)	২,৭৩,০৮,০০৪/-
৫৩	উৎসে আয়কর কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	১৬ (ক-ঙ)	৪০,৬৪,১২৮/-
	উপমোট=		**৩,৫২,৯২,১৫৩/-**
	(৪) রংপুর সিটি কর্পোরেশন, রংপুর		
৫৪	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১৭(ক-চ)	৩,৮০,৫০,৮৩৫/-
৫৫	উৎসে কর্তনকৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১৮(ক-ঘ)	১,৭১,৭১,৬৭৯/-
৫৬	উৎসে ভ্যাট বাবদ অর্থ আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	১৯(ক-ছ)	৪,৪০,২৬,০৮৬/-
৫৭	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২০(ক-ঘ)	৮৮,৮৫,৪৪৯/-

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	পরিশিষ্ট নম্বর	জড়িত (টাকা)
৫৮	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি।	২১	৫৩,৬৩,৬৫২/-
৫৯	ইজারা গ্রহীতার নিকট থেকে আদায়কৃত ইজারা মূল্য হতে ৫% অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি	২২(ক-গ)	৪৫,১১,৪৪৪/-
৬০	অর্থ বছর সমাপনান্তে তামাদি রোধকল্পে অবৈধভাবে প্রকল্প তহবিল থেকে স্থানান্তর	২৩	২০,০৫,০০,০০০/-
	উপমোট=		**৩১,৮৫,০৯,১৪৫/-**
	(৫) গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর		
৬১	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	২৪(ক-ঢ)	১৮,৮৯,০৯,০১৫/-
৬২	আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করায় দন্ডসুদসহ আর্থিক ক্ষতি	২৫.১(ক-ছ), ২৫.২(ক-খ)	১০,৪২,৬৫,৭৪৪/-
৬৩	উৎসে আয়কর কর্তন/আদায় না করায় আর্থিক ক্ষতি	২৬(ক-গ)	২,৫২,৮২,০৩৭/-
৬৪	স্থায়ী ও অস্থায়ী হাট-বাজার ইজারা মূল্যের উপর ৫% ও ২০% অর্থ সেলামি স্বরূপ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা না করায় আর্থিক ক্ষতি	২৭.১-২৭.২	৫০,৬৪,৯০২/-
৬৫	সাইনবোর্ডের উপর আরোপিত বিজ্ঞাপন ফি হতে ১৫% হারে ভ্যাট আদায় ও জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২৮	২৮,১৪,২০৭/-
	উপমোট =		**৩২,৬৩,৩৫,৯০৫/-**
	(৬) সিলেট সিটি কর্পোরেশন, সিলেট		
৬৬	আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	২৯.১(ক-গ), ২৯.২	১,৬০,৬৯,১৭২/-
৬৭	উৎসে ভ্যাট আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩০.১(ক-জ), ৩০.২(ক-ঝ)	১,৭৪,৪০,১৩৯/-
৬৮	উৎসে আয়কর আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩১(ক-ঘ)	৭৬,৫৬,৪৫৬/-
৬৯	মোবাইল টাওয়ারের ভাড়া হতে কর আদায় না করায় কর্পোরেশনের আর্থিক ক্ষতি।	৩২	৩৫,২৮,৬৮৬/-
	উপমোট=		**৪,৪৬,৯৪,৪৫৩/-**
	(৭) কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা		
৭০	উৎসে ভ্যাট কর্তন/আদায় না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩৩(ক-খ)	৩১,৮৯,২৭২/-
	উপমোট=		**৩১,৮৯,২৭২/-**
	(৮) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা		
৭১	কোরবানির অস্থায়ী পশুরহাটের ইজারালব্ধ আয় হতে ২০% অর্থ "৭-ভূমি রাজস্ব খাতে" জমা না দেয়ায় সরকারের আর্থিক ক্ষতি	৩৪	১,১৮,০৩,৫১৪/-
৭২	উৎসে ভ্যাট আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩৫(ক-গ)	১৮,৬২,৭৪,৮৪১/-
৭৩	উৎসে আয়কর আদায়/কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি	৩৬(ক-ঘ)	৬,১৩,৫৪,০৯২/-
৭৪	সিএনজি ফিলিং স্টেশন না হওয়া সত্ত্বেও পৌর ফিলিং স্টেশন হতে সিএনজি ক্রয় বাবদ ব্যয়	৩৭	১,১৩,১৪,৯৭৫/-
	উপমোট=		**২৭,০৭,৪৭,৪২২/-**
	সর্বমোট=		**১৫৬,৬৯,৪৮,৪৩৩/-**

(একশত ছাপ্পান্ন কোটি ঊনসত্তর লক্ষ আটচল্লিশ হাজার চারশত তেত্রিশ)

পরিশিষ্টসমূহ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা
নিরীক্ষা সন ঃ ২০১৬-২০১৭ অর্থ বছর

অনুচ্ছেদ নং-১
পরিশিষ্ট নং-১

বিষয় ঃ বিভিন্ন ব্যক্তি বা সংস্থার নিকট হতে প্রাপ্ত আয়ের বিপরীতে ১৫% ভ্যাট আদায় না করার সংক্ষিপ্ত বিবরণী

ক্রঃ নং	অঞ্চলের নাম	রোড কাটিং ফি বাবদ প্রাপ্ত আয়	১৫% হারে জমাযোগ্য ভ্যাট
১	২	৩	৪
১.	অঞ্চল-০১	২,৮৫,৮৬,১৯৬/-	৪২,৮৭,৯২৯/-
২.	অঞ্চল-০২	৫,৫৫,৯০,৮০৯/-	৮৩,৩৮,৬২১/-
৩.	অঞ্চল-০৩	৪০,৩৫,৬৩৬/-	৬,০৫,৩৪৫/-
৪.	অঞ্চল-০৪	৩৫,০১,১৩৩/-	৫,২৫,১৭০/-
৫.	অঞ্চল-০৫	১,২৯,১১,৪৩০/-	১৯,৩৬,৭১৫/-
	মোট	**১০,৪৬,২৫,২০৪/-**	**১,৫৬,৯৩,৭৮০/-**

জুন/২০১৯ পর্যন্ত জরিমানা বাবদ অর্থ ঃ (১,৫৬,৯৩,৭৮০/-×২% × ২৪মাস) = ৭৫,৩৩,০১৪/-
ভ্যাট ও জরিমানাসহ সর্বমোট টাকা ঃ (১,৫৬,৯৩,৭৮০/- + ৭৫,৩৩,০১৪/-) = ২,৩২,২৬,৭৯৪/-

[জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সাধারণ স্মারক নং-০৩/মূসক/২০১৪ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ এর ক্রমিক নং- ০৪ এর বরাতে বিধি-১৮ (ঙ), মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১) মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩) এর লঙ্ঘন।]

অনুচ্ছেদ নং-২
পরিশিষ্ট নং-২

ইউনিটঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
অর্থ বছর ঃ ২০১৬-২০১৭
বিষয় ঃ বিভিন্ন ব্যক্তি বা সংস্থার নিকট হতে প্রাপ্ত রোড কাটিং ফি বাবদ প্রাপ্ত আয়ের বিপরীতে ৫% আয়কর জমাযোগ্য জমা না করার সংক্ষিপ্ত বিবরণী

ক্রঃ নং	অঞ্চলের নাম	রোড কাটিং ফি বাবদ প্রাপ্ত আয়	৫% হারে জমাযোগ্য আয়কর
১	২	৩	৪
১	অঞ্চল-০১	২,৮৫,৮৬,১৯৬/-	১৪,২৯,৩১০/-
২	অঞ্চল-০২	৫,৫৫,৯০,৮০৯/-	২৭,৭৯,৫৪১/-
৩	অঞ্চল-০৩	৪০,৩৫,৬৩৬/-	২,০১,৭৮২/-
৪	অঞ্চল-০৪	৩৫,০১,১৩৩/-	১,৭৫,০৫৬/-
৫	অঞ্চল-০৫	১,২৯,১১,৪৩০/-	৬,৪৫,৫৭২/-
	মোট	**১০,৪৬,২৫,২০৪/-**	**৫২,৩১,২৬১/-**

জরিমানা বাবদ অর্থ ঃ জুন/১৯ পর্যন্ত (৫২,৩১,২৬১x ২% × ২৪ মাস) = ২৫,১১,০০৫/-
আয়কর ও জরিমানাসহ সর্বমোট টাকা ঃ (৫২,৩১,২৬১/-+ ২৫,১১,০০৫/-) = ৭৭,৪২,২৬৬/-

[সিটি কর্পোরেশনের অনুমোদিত রেট সিডিউল, জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ওনং-১৬০-আইন/আয়কর/২০০৭ তারিখঃ ২৮.০৬.২০০৭ খ্রিঃ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-৫৭ এর লঙ্ঘন।]

অনুচ্ছেদ নং-৩
পরিশিষ্ট নং-৩(ক-ঙ)

ইউনিটঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
অর্থ বছর ঃ ২০১৫-২০১৬
বিষয় ঃ বিভিন্ন ব্যক্তি বা সংস্থার নিকট হতে প্রাপ্ত আয়ের বিপরীতে ভ্যাট আদায় না করার সংক্ষিপ্ত বিবরণী

ক্রঃ নং	ভ্যাট আদায়ের খাত	পরিশিষ্ট নং	টাকার পরিমাণ
১	২	৩	৪
১.	রোড কাটিং বাবদ বিভিন্ন ব্যক্তি বা সংস্থার নিকট হতে প্রাপ্ত আয়ের বিপরীতে ভ্যাট কর্তন	৩ (ক)	২,৮৪,২২,৯৫৩/-
২.	গ্রস বিলের পরিবর্তে জামানত বাদে ভ্যাট বাবদ কম কর্তন	৩ (খ)	১,৪০,১৩,৫২৬/-
৩.	প্রকৌশল বিভাগ (যান্ত্রিক) এর এ্যাসফল্ট প্ল্যান্টের মাধ্যমে নিজস্ব ও বিভিন্ন প্ল্যান্ট ভাড়ার ভ্যাট	৩ (গ)	১৯,৯৭,৫৭০/-
৪.	কমলাপুর সায়েদাবাদ সড়কের পশ্চিম পার্শ্বে পেট্রোল পাম্প ইজারার ভ্যাট কর্তন	৩ (ঘ)	২৯,৭১,৮০০/-
৫.	বাজার সেলামীর উপর ভ্যাট কর্তন	৩ (ঙ)	১,৪৪,৪৯,৪৭৪/-
		মোট =	**৬,১৮,৫৫,৩২৩/-**

জরিমানা বাবদ অর্থ ঃ জুন/১৯ পর্যন্ত (৬,১৮,৫৪,৯০১/-× ২% × ২৪ মাস)= ২,৯৬,৯০,৫৫৫/-
আয়কর ও জরিমানাসহ সর্বমোট টাকা ঃ (৬,১৮,৫৪,৯০১/-+ ২,৯৬,৯০,৫৫৫/-) = ৯,১৫,৪৫,৮৭৮/-

জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক সেবার কোড নং- এস ০০৪.০০ এবং সেবার কোড নং- এস০৩৩.০০, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং ১৮০-আইন/২০১৬/৭৫৬-মূসক তারিখ ঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক সেবার কোড এস ০২১.০০, সেবার কোড এস ০৩৩.০০, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং ০৯/মূসক /২০১১, তারিখ ঃ ১২/১০/২০১১ খ্রিঃ, সাধারণ আদেশ নং -৬৩/মূসক /২০১১, তারিখ ঃ ২৯/০৬/২০১১ খ্রিঃ এবং ০৬/মূসক/মূসক/২০১১, তারিখ ঃ ০৭/০৮/২০১১ খ্রিঃ, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ মোতাবেক সেবার কোড এস ০২১.০০ এবং এস.আর ও নং-১২৩/আইন/২০১৫/৭২৯ তারিখ ঃ ০৪/০৬/২০১৫ খ্রিঃ, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮খ(১), মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭(৩)এর লঙ্ঘন।

পরিশিষ্ট নং-৩
পরিশিষ্ট নং-৩(ক)

বিষয় ঃ রোড কাটিং বাবদ বিভিন্ন ব্যক্তি বা সংস্থার নিকট হতে প্রাপ্ত আয়ের বিপরীতে ভ্যাট আদায় না করার সংক্ষিপ্ত বিবরণী

অঞ্চল-০১ (সংস্থা)

ক্রঃ নং	বিল নং ও তারিখ	সংস্থা/ব্যক্তির নাম ঠিকানা	রোড কাটিং বাবদ প্রাপ্ত টাকার পরিমাণ	কর্তনযোগ্য ভ্যাট ১৫%
১	২	৩	৪	৫
১.	০৪, ১৪/০৫/১৬	মোঃ মোস্তাফিজুর রহমান, ম্যানেজার	২১৯৭৪.০০	
২.	০৫, ১৪/০৫/১৬	কাজী খায়রুল বাশার, নির্বাহী প্রকৌশলী-২	১১৪৮৪১৪.০০	
৩.	০৭, ২৯/১১/১৫	কাজী খায়রুল বাশার নির্বাহী প্রকৌশলী-২ (টেক-১)	৩৩৮৩৯২.০০	
৪.	০৮, ১১/০১/১৬	প্রকৌঃ মোঃ আমিনুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী	৭০৩১৫২০.০০	
৫.	০৯, ১১/০১/১৬	ডাঃ শিরিন আক্তার, পরিচালক	৭৪৭১০.০০	
৬.	১০, ১৪/০১/১৬	সৈয়দ শিহাবুর রহমান, নির্বাহী প্রকৌশলী	২৬১১২৭.০০	
৭.	১১, ১৪/০১/১৬	সৈয়দ শিহাবুর রহমান, নির্বাহী প্রকৌশলী	৭৫২৪৯৮.০০	
৮.	১২, ২৪/০১/১৬	প্রকৌঃ এস এম ইলিয়াস, নির্বাহী প্রকৌশলী	১১৭১৯২০.০০	
৯.	১৩, ০৮/০২/১৬	মোঃ শাহ আলম খান, নির্বাহী প্রকৌশলী	৪৮২৬১৩৬.০০	
১০.	১৪, ০৮/০২/১৬	মোঃ শাহ আলম খান, নির্বাহী প্রকৌশলী	২০১৮১৫৮.০০	
১১.	১৫, ০৮/০২/১৬	মোঃ শাহ আলম খান, নির্বাহী প্রকৌশলী	১৩০৬৪১৬.০০০	
১২.	১৬, ১০/০২/১৬	সৈয়দ শিহাবুর রহমান, নির্বাহী প্রকৌশলী	৩৮০৫৯৮.০০	
১৩.	১৭, ২৪/০২১৬	ইঞ্জিঃ মোঃ সারোয়ার হোসেন, উপ-ব্যাবস্থাপক	৪৪৬৮০.০০	
১৪.	১৮, ২৪/০২/১৬	প্রকৌঃ এস এম ইলিয়াস, নির্বাহী প্রকৌশলী	৬৫৯২০৫.০০	
১৫.	১৯, ২৪/০২/১৬	প্রকৌঃ এস এম ইলিয়াস, নির্বাহী প্রকৌশলী	১২৬৮৬০৪.০০	
১৬.	২০, ১৪/০৩/১৬	আঃ আঃ মোঃ মোহসীন, প্রধান কর্মাধ্যক্ষ/প্রকল্প	২৭০৯৬০৫.০০	
১৭.	২১, ১৩/০৪/১৬	কাজী মোহাম্মদ আবু হানিফ, নির্বাহী প্রকৌশলী	৬০৪৮.০০	
১৮.	২২, ২৪/০৪/১৬	ওয়াহিদ কনস্ট্রাকশন	৩৯২৯৫.০০	
১৯.	২২(১), ০৮/০৫/১৬	মেসার্স ব্রাদার্স কনস্ট্রাকশন কোং লিঃ	১১৯৯৯৯৯.০০	
২০.	২৩, ১৫/০৫/১৬	ইঞ্জিঃ মোঃ আখতারুল আলম, প্রকল্প পরিচালক	৬৪৭৫৩.০০	
২১.	২৪, ২৫/০৫/১৬	মোঃ আবুল মনসুর, কোম্পানী সচিব	৮৫৯৮.০০	
		মোট=	২,৫৩,৩২,৬৫০.০০	৩৭,৯৯,৮৯৭.০০

রোড কাটিং (পাবলিক)

ক্রঃ নং	বিল নং ও তারিখ	সংস্থা/ব্যক্তির নাম ঠিকানা	রোড কাটিং বাবদ প্রাপ্ত টাকার পরিমাণ	কর্তনযোগ্য ভ্যাট ১৫%
১	২	৩	৪	৫
১.	১৭৮, ০৫/০১/১৫	ডাঃ শেখ মহিউদ্দিন	৫৬০২.০০	
২.	১৭৯, ৬/০৭/১৫	সৈয়দ ইত্তেহাদ আলী	৮৭৯০.০০	
৩.	১৮০, ৬/০৭/১৫	সেক্রেটারী রেলওয়ে জামে মসজিদ	৪২৩১.০০	
৪.	১৮০, ০৭/০৭/১৫	মনোয়ারা বেগম	১৬৮০.০০	
৫.	১৮১, ৭/০৭/১৫	সৈয়দ ইকবাল হায়দার গং	১৯৪৬৩.০০	
৬.	১৮২, ৮/৭/১৫	ডাঃ মোঃ ইসহাক	১৬৫৫৬.০০	
৭.	১৮৩, ৯/০৭/১৫	মাহবুব এলাহী	২৮৩৪.০০	
৮.	১৮৪, ১৩/০৭/১৫	মিসেস আহমহিদয়া আমান উল্লাহ খান	২৪৯০.০০	

ক্রঃ নং	বিল নং ও তারিখ	সংস্থা/ব্যক্তির নাম ঠিকানা	রোড কাটিং বাবদ প্রাপ্ত টাকার পরিমাণ	কর্তনযোগ্য ভ্যাট ১৫%
১	২	৩	৪	৫
৯.	১৮৫, ১৪/০৭/১৫	মিসেস নাছিমা আক্তার চৌধুরী	২২৪১.০০	
১০.	১৮৬, ১৪/০৭/১৫	কাজী মোঃ আব্দুল খালেক	১৬৮১.০০	
১১.	১৮৭, ২৯/৭/১৫	বেগম সুফিয়া আহমদ গং	১৬৮০.০০	
১২.	১৮৮, ৩/০৮/১৫	এস এম সাইবুর রহমান	১৬৬৭.০০	
১৩.	১৮৯, ৫/০৮/১৫	মোঃ নজরুল ইসলাম তালুকদার	১০২০০৮.০০	
১৪.	১৯০, ৯/৮/১৫	ফাতেমা নাজনীন গং	৫৬০২.০০	
১৫.	১৯১, ১১/০৮/১৫	তাহমিন মাহমুদ চৌধুরী গং	৩৭৩৫.০০	
১৬.	১৯২, ১১/০৮/১৫	রুমানা মনোয়ার	৩৯৫১.০০	
১৭.	১৯৩, ১১/৮/১৫	কাজী উম্মে সালমা	৪৬৬৮.০০	
১৮.	১৯৪, ১৬/০৮/১৫	ডাক্তার মাহবুবা রহমান	২২৪১.০০	
১৯.	১৯৫, ১৭/০৮/১৫	মিসেস সারোয়ার সুলতানা	২৫৫০.০০	
২০.	১৯৬, ২৯/০৮/১৫	মিসেস ফৌজিয়া হক	২৮০১.০০	
২১.	১৯৭, ২৫/০৮/১৫	এস এম আখতার উদ্দিন	১৬৮০.০০	
২২.	১৯৮, ২৭/০৮/১৫	মিসেস হাসিনা বানু	১৬৮১.০০	
২৩.	১৯৯, ৩০/০৮/১৫	মি. আসহাদ আলী	৩৮২৫.০০	
২৪.	২০০, ৩০/০৮/১৫	বিবি ফাতেমার গং	২৮০১.০০	
২৫.	২০১, ৩১/০৫৮/১৫	কাজী ফরিদা বেগম	৫৬০২.০০	
২৬.	২০২, ১/০৯/১৫	হাসান মোহাম্মদ মনির গং	২৫২১.০০	
২৭.	২০৩, ২/৯/১৫	মিসেস হালিমা হোসেন	২৯২২৮.০০	
২৮.	২০৪, ৩/০৯/১৫	আব্দুল হামিদ	২৮৩৩.০০	
২৯.	২০৫, ৩/০৯/১৫	বজলুর রহমান ঢালী	৫০৬৫.০০	
৩০.	২০৬, ৭/০৯/১৫	মোঃ বজলুর রহমান	৩৭৩৫.০০	
৩১.	২০৭, ১৩/০৯/১৫	সেক্রেটারি সোবহান	১৬০৪.০০	
৩২.	২০৮, ১৩/০৯/১৫	গোলাম মইনুদ্দিন	১৮৬৮.০০	
৩৩.	২০৯, ১৩/০৯/১৫	আব্দুল হামিদ	৪৮৭৮.০০	
৩৪.	২১০, ১৬/০৯/১৫	আব্দুল খালেক	৫৬২৬৮.০০	
৩৫.	২১১, ২১/০৯/১৫	আব্দুস সামাদ	১৬৮৯.০০	
৩৬.	২১২, ২২/০৯/১৫	সোহেল আহমদ গং	২৮০১.০০	
৩৭.	২১৩, ৮/১০/১৫	আবুল হোসেন	৩৪০০.০০	
৩৮.	২১৪, ১১/১০/১৫	মোঃ সিরাজুল ইসলাম	৫৬৬৭.০০	
৩৯.	২১৫, ১২/১২/১৫	ডাঃ সেলিম মনির	৮৬১৬.০০	
৪০.	২১৬, ১২/১০/১৫	মোঃ আলামিন খান	১৮৬৮.০০	
৪১.	২১৭, ১৫/১০/১৫	মিসেস তাহেরা রহমান	৭০৮৩.০০	
৪২.	২১৮, ১৫/১০/১৫	ডাঃ সিরাজ উদ্দিন গং	১৩৭৬৭.০০	
৪৩.	২১৯, ১৫/১০/১৫	আবুল হোসেন	৩৪০০.০০	
৪৪.	২২০, ১৯/১০/১৫	মোহাম্মদ আমির হামজা	১৮৬৭.০০	
৪৫.	২২১, ২০/১০/১৫	প্রীতম ইন্ডাঃ প্রাঃ লিঃ	১৮৬৭.০০	
৪৬.	২২২, ২০/১০/১৫	সুলতান আহমেদ	১৮৬৮.০০	
৪৭.	২২৩, ২১/১০/১৫	আলহাজ্ব কাদের এন্ড সন্স	৩৮৫৩৫.০০	
৪৮.	২২৪, ২১/১০/১৫	মিস্টার লিয়াকত হোসেন	১০৩৬৮.০০	
৪৯.	২২৫, ২৫/১০/১৫	মোঃ মাহবুবুল হক	৮১৫৭.০০	

ক্রঃ নং	বিল নং ও তারিখ	সংস্থা/ব্যক্তির নাম ঠিকানা	রোড কাটিং বাবদ প্রাপ্ত টাকার পরিমাণ	কর্তনযোগ্য ভ্যাট ১৫%
